$$\text{প্রশ্নমতে, } 2x + 5 = 25$$

$$\text{বা, } 2x = 25 - 5 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } 2x = 20$$

$$\text{বা, } \frac{2x}{2} = \frac{20}{2} \text{ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 10$$

$$\therefore \text{সংখ্যাটি } 10$$

প্রশ্ন ২ ২ ৥ কোন সংখ্যা থেকে 27 বিয়োগ করলে বিয়োগফল - 21 হবে?

সমাধান : মনে করি, সংখ্যাটি x

$$\text{প্রশ্নমতে, } x - 27 = -21$$

$$\text{বা, } x = -21 + 27 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\therefore x = 6$$

$$\therefore \text{সংখ্যাটি } 6$$

প্রশ্ন ৩ ৩ ৥ কোন সংখ্যার এক-তৃতীয়াংশ 4 এর সমান হবে?

সমাধান : মনে করি, সংখ্যাটি x

$$\therefore \text{সংখ্যাটির এক-তৃতীয়াংশ} = x \text{ এর } \frac{1}{3} = \frac{x}{3}$$

$$\text{প্রশ্নমতে, } \frac{x}{3} = 4$$

$$\text{বা, } x = 4 \times 3 \text{ [আড়গুণন করে]}$$

$$\therefore x = 12$$

$$\therefore \text{সংখ্যাটি } 12$$

প্রশ্ন ৪ ৪ ৥ কোন সংখ্যা থেকে 5 বিয়োগ করলে বিয়োগফলের 5 গুণ সমান 20 হবে ?

সমাধান : মনে করি, সংখ্যাটি x

$$\therefore \text{সংখ্যাটি থেকে 5 বিয়োগ করলে পাই, } x - 5$$

$$\text{প্রশ্নমতে, } 5(x - 5) = 20$$

$$\text{বা, } 5x - 25 = 20 \text{ [বন্টন বিধি অনুসারে]}$$

$$\text{বা, } 5x = 20 + 25 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } 5x = 45$$

$$\text{বা, } \frac{5x}{5} = \frac{45}{5} \text{ [উভয়পক্ষকে 5 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 9$$

$$\therefore \text{সংখ্যাটি } 9$$

প্রশ্ন ৫ ৫ ৥ কোন সংখ্যার অর্ধেক থেকে তার এক-তৃতীয়াংশ বিয়োগ করলে বিয়োগফল 6 হবে ?

সমাধান : মনে করি, সংখ্যাটি x

$$\therefore \text{সংখ্যাটির অর্ধেক} = x \text{ এর } \frac{1}{2} = \frac{x}{2}$$

সরল সমীকরণ গঠন ও সমাধান: বাস্তব জীবনভিত্তিক সমস্যা পাটিগণিতের নিয়মে সমাধান করা যায়। আবার, ঐ সকল সমস্যা বীজগণিতের সমীকরণের নিয়ম ব্যবহার করে সহজে সমাধান করা যায়। যেকোনো বাস্তব সমস্যাকে বীজগণিতীয় রাশির তথা সমীকরণের মাধ্যমে প্রকাশ করা যায়। সাধারণত সমস্যার অজ্ঞাত রাশির মান যেকোনো চলক (x) ধরে নিয়ে প্রশ্নের শর্তমতে, সমীকরণ গঠন করা হয়। এই সমীকরণকে সমাধান করে নিলে চলকের (x) এর মান পাওয়া যায়, যা থেকে সমস্যাটির সমাধান নির্ণীত হয়।

এবং সংখ্যাটির এক-তৃতীয়াংশ = x এর $\frac{1}{3} = \frac{x}{3}$

প্রশ্নমতে, $\frac{x}{2} - \frac{x}{3} = 6$

বা, $\frac{3x - 2x}{6} = 6$ [হর 2, 3 এর ল.সা.গু. 6]

বা, $\frac{x}{6} = 6$

বা, $x = 6 \times 6$ [আড়গুণন করে]

$\therefore x = 36$

\therefore সংখ্যাটি 36

প্রশ্ন ৬ ৥ তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার সমষ্টি 63 হলে, সংখ্যা তিনটি বের কর।

সমাধান : মনে করি, ক্রমিক স্বাভাবিক সংখ্যা তিনটি যথাক্রমে $x, x + 1$ ও $x + 2$

প্রশ্নমতে, $x + (x + 1) + (x + 2) = 63$

বা, $x + x + 1 + x + 2 = 63$

বা, $3x + 3 = 63$

বা, $3x = 63 - 3$ [পক্ষান্তর করে]

বা, $3x = 60$

বা, $\frac{3x}{3} = \frac{60}{3}$ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]

$\therefore x = 20$

অতএব, 1ম সংখ্যাটি $x = 20$

2য় সংখ্যাটি $= (x + 1) = (20 + 1)$ বা, 21

এবং 3য় সংখ্যাটি $(x + 2) = (20 + 2)$ বা, 22

\therefore সংখ্যা তিনটি যথাক্রমে 20, 21, 22

প্রশ্ন ৭ ৥ দুইটি সংখ্যার যোগফল 55 এবং বড় সংখ্যাটির 5 গুণ ছোট সংখ্যাটির 6 গুণের সমান। সংখ্যা দুইটি নির্ণয় কর।

সমাধান : মনে করি, ছোট সংখ্যাটি x

\therefore বড় সংখ্যাটি $(55 - x)$

প্রশ্নমতে, $6x = 5(55 - x)$

বা, $6x = 275 - 5x$ [বন্টন বিধি অনুসারে]

বা, $6x + 5x = 275$ [পক্ষান্তর করে]

বা, $11x = 275$

বা, $\frac{11x}{11} = \frac{275}{11}$ [উভয়পক্ষকে 11 দ্বারা ভাগ করে]

$\therefore x = 25$

অতএব, ছোট সংখ্যাটি $x = 25$

এবং বড় সংখ্যাটি $(55 - x) = (55 - 25)$ বা, 30

\therefore সংখ্যা দুইটি 25 ও 30

প্রশ্ন ৮ ৥ গীতা, রিতা ও মিতার একত্রে 180 টাকা আছে। রিতার চেয়ে গীতার 6 টাকা কম ও মিতার 12 টাকা বেশি আছে। কার কত টাকা আছে ?

সমাধান : মনে করি, রিতার আছে x টাকা

গীতার আছে $(x - 6)$ টাকা

এবং মিতার আছে $(x + 12)$ টাকা

প্রশ্নমতে, $x + (x - 6) + (x + 12) = 180$

বা, $x + x - 6 + x + 12 = 180$

বা, $3x + 6 = 180$

বা, $3x = 180 - 6$ [পক্ষান্তর করে]

বা, $3x = 174$

বা, $\frac{3x}{3} = \frac{174}{3}$ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]

বা, $x = 58$

অতএব, রিতার আছে $x = 58$ টাকা

\therefore গীতার আছে $(x - 6) = (58 - 6)$ টাকা = 52 টাকা

এবং মিতার আছে $(x + 12) = (58 + 12)$ টাকা = 70 টাকা

\therefore গীতার 52 টাকা, রিতার 58 টাকা এবং মিতার 70 টাকা আছে। (Ans.)

প্রশ্ন ৯ ॥ একটি খাতা ও একটি কলমের মোট দাম 75 টাকা। খাতার দাম 5 টাকা কম ও কলমের দাম 2 টাকা বেশি হলে, খাতার দাম কলমের দামের দ্বিগুণ হতো। খাতা ও কলমের কোনটির দাম কত ?

সমাধান : মনে করি, একটি খাতার দাম x টাকা

\therefore একটি কলমের দাম $(75 - x)$ টাকা

5 টাকা কম হলে খাতার দাম হয় $(x - 5)$ টাকা

2 টাকা বেশি হলে কলমের দাম হয় $\{(75 - x) + 2\}$ টাকা
= $(77 - x)$ টাকা

প্রশ্নমতে, $x - 5 = 2(77 - x)$

বা, $x - 5 = 154 - 2x$ [বন্টন বিধি অনুসারে]

বা, $x + 2x = 154 + 5$ [পক্ষান্তর করে]

বা, $3x = 159$

বা, $\frac{3x}{3} = \frac{159}{3}$ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]

$\therefore x = 53$

\therefore খাতার দাম 53 টাকা

এবং কলমের দাম $(75 - 53)$ টাকা = 22 টাকা

\therefore খাতা ও কলমের দাম যথাক্রমে 53 টাকা ও 22 টাকা

প্রশ্ন ১০ ॥ একজন ফল বিক্রেতার মোট ফলের $\frac{1}{2}$ অংশ আপেল, $\frac{1}{3}$ অংশ কমলালেবু ও 40 টি আম আছে।

তঁার নিকট মোট কতগুলো ফল আছে?

সমাধান : মনেকরি,

ফল বিক্রেতার মোট ফলের সংখ্যা x টি

আপেল আছে = x টি $\frac{1}{2}$ অংশ = $\frac{x}{2}$ টি

এবং কমলালেবু আছে = x টি $\frac{1}{3}$ অংশ = $\frac{x}{3}$ টি

প্রশ্নমতে, $x = \frac{x}{2} + \frac{x}{3} + 40$

বা, $x - \frac{x}{2} - \frac{x}{3} = 40$ [পক্ষান্তর করে]

বা, $\frac{6x - 3x - 2x}{6} = 40$

বা, $\frac{x}{6} = 40$

বা, $x = 40 \times 6$ [আড়গুণন করে]

$$\therefore x = 240$$

ফল বিক্রোতার নিকট মোট 240টি ফল আছে।

প্রশ্ন ১১ পিতার বর্তমান বয়স পুত্রের বর্তমান বয়সের 6 গুণ। 5 বছর পর তাদের বয়সের সমষ্টি হবে 45 বছর। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত ?

সমাধান : মনে করি, পুত্রের বর্তমান বয়স x বছর

$$\therefore \text{পিতার বর্তমান বয়স } 6x \text{ বছর}$$

5 বছর পরে, পুত্রের বয়স হবে $(x + 5)$ বছর

এবং পিতার বর্তমান বয়স হবে $(6x + 5)$ বছর

প্রশ্নমতে, $(x + 5) + (6x + 5) = 45$

$$\text{বা, } x + 5 + 6x + 5 = 45$$

$$\text{বা, } 7x + 10 = 45$$

$$\text{বা, } 7x = 45 - 10 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } 7x = 35$$

$$\text{বা, } \frac{7x}{7} = \frac{35}{7} \text{ [উভয়পক্ষকে 7 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 5$$

\therefore পুত্রের বর্তমান বয়স 5 বছর

পিতার বর্তমান বয়স (6×5) বা 30 বছর।

\therefore পিতা ও পুত্রের বর্তমান বয়স যথাক্রমে 5 বছর ও 30 বছর।

প্রশ্ন ১২ লিজা ও শিখার বয়সের অনুপাত 2 : 3। তাদের দুইজনের বয়সের সমষ্টি 30 বছর হলে, কার বয়স কত?

সমাধান : দেওয়া আছে, লিজার বয়স : শিখার বয়স = 2 : 3

মনে করি, লিজার বয়স $2x$ বছর এবং শিখার বয়স $3x$ বছর

প্রশ্নমতে, $2x + 3x = 30$

$$\text{বা, } 5x = 30$$

$$\text{বা, } \frac{5x}{5} = \frac{30}{5} \text{ [উভয়পক্ষকে 5 দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } x = 6$$

\therefore লিজার বয়স $2x$ বছর বা (2×6) বছর = 12 বছর

শিখার বয়স $3x$ বছর বা (3×6) বছর = 18 বছর।

\therefore লিজা ও শিখার বয়স যথাক্রমে 12 বছর ও 18 বছর।

প্রশ্ন ১৩ একটি ক্রিকেট খেলায় ইমন ও সুমনের মোট রানসংখ্যা 58। ইমনের রানসংখ্যা সুমনের রানসংখ্যার দ্বিগুণের চেয়ে 5 রান কম। ঐ খেলায় ইমনের রানসংখ্যা কত ?

সমাধান : মনে করি, সুমনের রানসংখ্যা x

$$\therefore \text{ইমনের রানসংখ্যা } (2x - 5)$$

প্রশ্নমতে, $x + (2x - 5) = 58$

$$\text{বা, } x + 2x - 5 = 58$$

$$\text{বা, } 3x = 58 + 5 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } 3x = 63$$

$$\text{বা, } \frac{3x}{3} = \frac{63}{3} \text{ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 21$$

সুমনের রান সংখ্যা $x = 21$

$$\therefore \text{ইমনের রানসংখ্যা } (2x - 5) = (2 \times 21 - 5) = 37$$

\therefore ইমনের রান সংখ্যা 37 (Ans.)

প্রশ্ন ১৪ ৥ একটি ট্রেন ঘণ্টায় 30 কি.মি. বেগে চলে কমলাপুর স্টেশন থেকে নারায়ণগঞ্জ স্টেশনে পৌঁছাল। ট্রেনটির বেগ ঘণ্টায় 25 কি.মি. হলে 10 মিনিট সময় বেশি লাগত। দুই স্টেশনের মধ্যে দূরত্ব কত ?

সমাধান : আমরা জানি, 1 ঘন্টা = 60 মিনিট

মনে করি, দুই স্টেশনের মধ্যে দূরত্ব x কি.মি.

ট্রেনটি 30 কি.মি.যায় 60 মিনিটে

$$\therefore \text{ ,, } x \text{ ,, ,, } \left(\frac{60 \times x}{30} \right) \text{ মিনিটে}$$
$$= 2x \text{ মিনিটে}$$

আবার ট্রেনটি 25 কি.মি.যায় 60 মিনিটে

$$\therefore \text{ ,, } x \text{ ,, ,, } \left(\frac{60 \times x}{25} \right) \text{ মিনিটে}$$
$$= \frac{12x}{5} \text{ মিনিটে}$$

প্রশ্নমতে, $\frac{12x}{5} - 2x = 10$

বা, $\frac{12x - 10x}{5} = 10$

বা, $\frac{2x}{5} = 10$

বা, $2x = 50$ [আড়গুণন করে]

বা, $\frac{2x}{2} = \frac{50}{2}$ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 25$

\therefore দুই স্টেশনের মধ্যে দূরত্ব 25 কি.মি.। (Ans.)

প্রশ্ন ১৫ ৥ একটি আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং জমিটির পরিসীমা 40 মিটার। জমিটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান : মনে করি, আয়তাকার জমির প্রস্থ = x মিটার

$$\therefore \text{দৈর্ঘ্য} = 3x \text{ মিটার}$$

$$\therefore \text{জমিটির পরিসীমা} = 2 \times (\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ}) \text{ একক}$$
$$= 2 \times (3x + x) \text{ মিটার}$$
$$= 2 \times 4x \text{ মিটার}$$
$$= 8x \text{ মিটার}$$

প্রশ্নমতে, $8x = 40$

বা, $\frac{8x}{8} = \frac{40}{8}$ [উভয়পক্ষকে 8 দ্বারা ভাগ করে]

বা, $x = 5$

জমির প্রস্থ = 5 মিটার

এবং দৈর্ঘ্য = $(3 \times 5) = 15$ মিটার

\therefore জমির দৈর্ঘ্য 15 মিটার, প্রস্থ 5 মিটার

প্রশ্ন ১১ $\frac{x}{2} = \frac{1}{3}$ সমীকরণের মূল নিচের কোনটি?

- ক. $\frac{1}{2}$ ● $\frac{2}{3}$ গ. $\frac{3}{2}$ ঘ. 6

ব্যাখ্যা : $\frac{x}{2} = \frac{1}{3}$ বা, $x = \frac{2}{3}$

প্রশ্ন ১২ $\frac{x}{3} - 3 = 0$ সমীকরণের মূল নিচের কোনটি?

- ক. $\frac{1}{3}$ খ. 3 ● 9 ঘ. -9

ব্যাখ্যা : $\frac{x}{3} - 3 = 0$ বা, $\frac{x}{3} = 3 \therefore x = 9$

প্রশ্ন ১৩ একটি ত্রিভুজের বাহু তিনটির দৈর্ঘ্য $(x + 1)$ সে.মি., $(x + 2)$ সে.মি. ও $(x + 3)$ সে.মি. $(x > 0)$ । ত্রিভুজটির পরিসীমা 15 সে.মি. হলে, x এর মান কত?

- ক. 1 সে.মি. খ. 2 সে.মি. ● 3 সে.মি. ঘ. 6 সে.মি.

ব্যাখ্যা : $x + 1 + x + 2 + x + 3 = 15$

$$\text{বা, } 3x + 6 = 15$$

$$\text{বা, } 3x = 15 - 6 = 9$$

$$\therefore x = 3$$

প্রশ্ন ১৪ কোন সংখ্যার এক-চতুর্থাংশ 4 এর সমান হবে?

- 16 খ. 12 গ. 4 ঘ. $\frac{1}{4}$

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি x

$$\text{প্রশ্নমতে, } \frac{x}{4} = 4$$

$$\therefore x = 16$$

প্রশ্ন ১৫ নিচের তথ্যগুলো লক্ষ কর :

- সমীকরণের উভয়পক্ষ থেকে সাধারণ উৎপাদক বর্জন করা যায়
- $2x + 1 = x - 3$ একটি দ্বিঘাত সমীকরণ
- $x + 2 = 2$ সমীকরণের মূল 0

উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii ● i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

প্রশ্ন ১৬ কনকের নিকট 8টি ও কেয়ার নিকট 12টি চকলেট আছে। তাহলে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

(১) কেয়া কনককে x টি চকলেট দিলে তাদের চকলেটের সংখ্যা সমান হবে। সেক্ষেত্রে নিচের কোন সমীকরণটি সঠিক?

- ক. $8 + x = 12$ খ. $8 = 12 - x$
● $8 + x = 12 - x$ ঘ. $8 - x = x - 12$

(২) x এর মান কত হলে তাদের চকলেটের সংখ্যা সমান হবে?

- 2 খ. 4 গ. 6 ঘ. 10

ব্যাখ্যা : $8 + x = 12 - x$

$$\text{বা, } x + x = 12 - 8$$

$$\text{বা, } 2x = 4$$

$$\therefore x = 2$$

লেখচিত্র :

স্থানাক্ষের ধারণা: ফ্রান্সের বিখ্যাত গণিতবিদ রেনে দেকার্তে (Rene Descartes : 1596-1650) সর্বপ্রথম স্থানাক্ষের ধারণা দেন। তিনি দুইটি পরস্পরছেদী লম্বরেখার সাপেক্ষে বিন্দুর অবস্থান ব্যাখ্যা করেন।

বিন্দু পাতন : ছক কাগজে কোনো বিন্দুর অবস্থান দেখানোকে বা কোনো বিন্দু স্থাপন করাকে বিন্দু পাতন বলে।

লেখচিত্রে সমীকরণের সমাধান :

লেখচিত্রের সাহায্যে সহজেই সমীকরণের সমাধান বের করা যায়।

মনে করি, $2x - 5 = 0$ সমীকরণটি সমাধান করতে হবে। সমীকরণের বামপক্ষ $2x - 5$ রাশিতে x -এর বিভিন্ন মান বসালে রাশিটির বিভিন্ন মান পাওয়া যায়। লেখচিত্রে প্রতিটি x কে ভুজ এবং রাশিটির মানকে কোটি ধরে একটি করে বিন্দু পাওয়া যাবে। বিন্দুগুলো যোগ করে একটি সরলরেখা অঙ্কিত হবে।

সরলরেখাটি যে বিন্দুতে অক্ষকে ছেদ করে, সেই বিন্দুর ভুজই নির্ণেয় সমাধান। কেননা, x -এর এই মানের জন্য রাশিটির মান 0 হয়, যা সমীকরণের ডানপক্ষের মানের সমান হয়।

এ ক্ষেত্রে সমীকরণটির সমাধান $x = \frac{5}{2}$ ।

(৩) কনক কেয়াকে কয়টি চকলেট দিলে কেয়ার চকলেট কনকের চকলেটের চারগুণ হবে?

ক. 2 ● 4 গ. 6 ঘ. 10

ব্যাখ্যা : মনে করি, কনক x টি চকলেট দিলে কেয়ার চকলেট কনকের চকলেটের চারগুণ হবে।

$$\text{অর্থাৎ } 4(8 - x) = (12 + x)$$

$$\text{বা, } 32 - 4x = 12 + x$$


$$\text{বা, } 32 - 12 = x + 4x$$

$$\text{বা, } 20 = 5x \therefore x = 4$$


প্রশ্ন II ৭ II চিত্র থেকে নিচের ছকটি পূরণ কর :

(উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্যকে একক ধরে)

বিন্দু	স্থানাঙ্ক
A	(4, 3)
B	(-2,)
C	(, -5)
D	(,)
O	(,)
P	(, 0)
Q	(0,)



সমাধান :




প্রশ্ন II ৮ II নিচের বিন্দুগুলো ছক কাগজে স্থাপন করে তীর চিহ্ন অনুযায়ী যোগ কর ও চিত্রটির জ্যামিতিক নামকরণ কর :

(ক) $(2, 2) \rightarrow (6, 2) \rightarrow (6, 6) \rightarrow (2, 6) \rightarrow (2, 2)$

(খ) $(0, 0) \rightarrow (-6, -6) \rightarrow (8, 6) \rightarrow (0, 0)$

সমাধান :


(ক) ধরি, বিন্দু চারটি যথাক্রমে A, B, C, D। অর্থাৎ A(2, 2), B(6, 2), C(6, 6) এবং D(2, 6)। ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। A বিন্দুটি স্থাপন করতে মূলবিন্দু O থেকে X-অক্ষের ডানদিক বরাবর 2টি ছোট বর্গের বাহুর সমান দূরে গিয়ে উপরের দিকে 2টি ছোট বর্গের বাহুর সমান উঠে গেলে যে বিন্দুটি পাওয়া যাবে, তা A বিন্দু। অনুরূপভাবে প্রদত্ত অবশিষ্ট বিন্দুসমূহ স্থাপন করি।



তারপর $A \rightarrow B \rightarrow C \rightarrow D \rightarrow A$ এভাবে বিন্দুগুলো যোগ করি। এতে ABCD চিত্রটি পাওয়া গেল। দেখা যায় যে, ABCD চিত্রটি একটি বর্গ।

(খ) ধরি, বিন্দু চারটিকে যথাক্রমে A, B, C, D।

অর্থাৎ, A(0, 0) B(-6, -6), C(8, 6) এবং D(0, 0)



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের প্রতি বাহুর দৈর্ঘ্যকে একক ধরি। A বিন্দুটি স্থাপন করতে মূলবিন্দুই হবে A বিন্দুটি আবার B বিন্দুটি মূলবিন্দু O থেকে x-অক্ষের বামদিক বরাবর 6 টি ছোট বর্গের বাহুর সমান দূরে গিয়ে নিচের দিকে 6 টি ছোট বর্গের বাহুর সমান গেলে যে বিন্দুটি পাওয়া যাবে, তা B বিন্দু। অনুরূপভাবে প্রদত্ত অবশিষ্ট C ও D বিন্দু স্থাপন করি। তারপর A → B → C → D → A এভাবে বিন্দুগুলো যোগ করি। এতে ABC চিত্রটি পাওয়া গেল। দেখা যায় যে, ABC চিত্রটি একটি ত্রিভুজাকৃতির।

প্রশ্ন ১৯ সমাধান কর এবং সমাধান লেখচিত্রে দেখাও :

(ক) $x - 4 = 0$ (খ) $2x + 4 = 0$ (গ) $x + 3 = 8$

(ঘ) $2x + 1 = x - 3$ (ঙ) $3x + 4 = 5x$

সমাধান :

(ক) $x - 4 = 0$

বা, $x = 4$ [পক্ষান্তর করে]

∴ সমাধান : $x = 4$.


লেখচিত্রে অঙ্কন : প্রদত্ত সমীকরণ $x - 4 = 0$

x-এর কয়েকটি মান নিয়ে $x - 4$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$x - 4$	(x, $x - 4$)
2	-2	(2, -2)
4	0	(4, 0)
6	2	(6, 2)

লেখচিত্রটি অঙ্কনের জন্য তিনটি বিন্দু (2, -2) (4, 0) ও (6, 2) নেওয়া হলো।

মনে করি, পরস্পর লম্ব XOX' ও YOY' যথাক্রমে x-অক্ষ ও y-অক্ষ এবং O মূলবিন্দু।



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্যকে একক ধরে (2, -2), (4, 0) ও (6, 2) বিন্দুগুলো স্থাপন করি। তারপর বিন্দুগুলো পরস্পর সংযোগ করি। লেখচিত্রে একটি সরলরেখা পাই।

সরলরেখাটি x-অক্ষকে (4, 0) বিন্দুতে ছেদ করে। বিন্দুটির ভূজ হলো 4।

সুতরাং প্রদত্ত সমীকরণের সমাধান $x = 4$ ।

(খ)

$$2x + 4 = 0$$

বা, $2x = -4$ [পক্ষান্তর করে]

বা, $\frac{2x}{2} = \frac{-4}{2}$ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

$$\therefore x = -2$$

$$\therefore \text{সমাধান : } x = -2$$


লেখচিত্রটি অঙ্কন : প্রদত্ত সমীকরণ $2x + 4 = 0$

x-এর কয়েকটি মান নিয়ে $2x + 4$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$2x + 4$	$(x, 2x + 4)$
-4	-4	$(-4, -4)$
0	4	$(0, 4)$
3	10	$(3, 10)$

লেখচিত্রটি অঙ্কনের জন্য তিনটি বিন্দু $(-4, -4)$ $(0, 4)$ ও $(3, 10)$ নেওয়া হলো।

মনে করি, পরস্পর লম্ব XOX' ও YOY' যথাক্রমে x-অক্ষ ও y-অক্ষ এবং O মূলবিন্দু।



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের এক বাছুর দৈর্ঘ্যকে একক ধরে $(-4, -4)$, $(0, 4)$ ও $(3, 10)$ বিন্দুগুলো স্থাপন করি। তারপর বিন্দুগুলো পরপর সংযোগ করি। লেখচিত্রে একটি সরলরেখা পাই।

সরলরেখাটি x-অক্ষকে $(-2, 0)$ বিন্দুতে ছেদ করে। বিন্দুটির ভূজ হলো -2 ।

সুতরাং প্রদত্ত সমীকরণে সমাধান $x = -2$ ।

(গ)

$$x + 3 = 8$$

বা, $x = 8 - 3$ [পক্ষান্তর করে]

$$\therefore x = 5$$

$$\therefore \text{সমাধান : } x = 5$$


লেখচিত্র অঙ্কন : প্রদত্ত সমীকরণ $x - 5 = 0$

x-এর কয়েকটি মান নিয়ে $x - 5$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$x - 5$	$(x, x - 5)$
0	-5	$(0, -5)$
2	-3	$(2, -3)$
6	1	$(6, 1)$

লেখচিত্রটি অঙ্কনের জন্য তিনটি বিন্দু $(0, -5)$ $(2, -3)$ ও $(6, 1)$ নেওয়া হলো।

মনে করি, পরস্পর লম্ব XOX' ও YOY' যথাক্রমে x-অক্ষ ও y- অক্ষ এবং O মূলবিন্দু।



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্যকে একক ধরে $(0, -5)$, $(2, -3)$, $(6, 1)$ বিন্দুগুলো স্থাপন করি। তারপর বিন্দুগুলো পরপর সংযোগ করি। লেখচিত্রে একটি সরলরেখা পাই। সরলরেখাটি x -অক্ষকে $(5, 0)$ বিন্দুতে ছেদ করে। বিন্দুটির ভুজ হলো 5। সুতরাং প্রদত্ত সমীকরণের সমাধান $x = 5$ ।

(ঘ) $2x + 1 = x - 3$
 বা, $2x - x = -3 - 1$ [পক্ষান্তর করে]
 $\therefore x = -4$
 \therefore সমাধান : $x = -4$

লেখচিত্র অঙ্কন : প্রদত্ত সমীকরণ $2x + 1 = x - 3$

x -এর কয়েকটি মান নিয়ে $2x + 1$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$2x + 1$	$(x, 2x + 1)$
0	1	$(0, 1)$
2	5	$(2, 5)$
4	9	$(4, 9)$


$\therefore 2x + 1$ এর লেখের উপরে তিনটি বিন্দু $(0, 1)$, $(2, 5)$ ও $(4, 9)$ নেওয়া হলো।

আবার, x -এর কয়েকটি মান নিয়ে $x - 3$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি:

x	$x - 3$	$(x, x - 3)$
2	-1	$(2, -1)$
4	1	$(4, 1)$
6	3	$(6, 3)$

$\therefore x - 3$ এর লেখের উপর তিনটি বিন্দু $(2, -1)$, $(4, 1)$ ও $(6, 3)$ নেওয়া হলো।

মনে করি, পরস্পর লম্ব XOX' ও YOY' যথাক্রমে x -অক্ষ ও y -অক্ষ এবং O মূলবিন্দু।



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্যকে একক ধরে $(0, 1)$, $(2, 5)$ ও $(4, 9)$ এবং $(2, -1)$, $(4, 1)$ ও $(6, 3)$ বিন্দুগুলো স্থাপন করি। তারপর বিন্দুগুলো পরপর সংযোগ করি। লেখচিত্রে দুইটি সরলরেখা পাই যারা পরস্পরকে $(-4, -7)$ বিন্দুতে ছেদ করে। বিন্দুটির ভুজ হলো -4 ।

সুতরাং প্রদত্ত সমীকরণের সমাধান $x = -4$ ।

(ঙ) $3x + 4 = 5x$

বা, $3x - 5x = -4$ [পক্ষান্তর করে]

বা, $-2x = -4$

বা, $\frac{-2x}{-2} = \frac{-4}{-2}$ [উভয়পক্ষকে -2 দ্বারা ভাগ করে]

$\therefore x = 2$

\therefore সমাধান $x = 2$

লেখচিত্র অঙ্কন : প্রদত্ত সমীকরণ $3x + 4 = 5x$

x এর কয়েকটি মান নিয়ে $3x + 4$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$3x + 4$	$(x, 3x + 4)$
-4	-8	$(-4, -8)$
0	4	$(0, 4)$
1	7	$(1, 7)$


$\therefore 3x + 4$ এর লেখের উপর তিনটি বিন্দু $(-4, -8)$, $(0, 4)$ ও $(1, 7)$ নেওয়া হলো।

আবার, x এর কয়েকটি মান নিয়ে $5x$ এর অনুরূপ মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$5x$	$(x, 5x)$
-1	-5	$(-1, -5)$
0	0	$(0, 0)$
2	10	$(2, 10)$

$\therefore 5x$ -এর লেখের উপর তিনটি বিন্দু $(-1, -5)$, $(0, 0)$ ও $(2, 10)$ নেওয়া হলো।

মনে করি, পরস্পর লম্ব XOX' ও YOY' যথাক্রমে x -অক্ষ ও y -অক্ষ এবং O মূলবিন্দু।



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্যকে একক ধরে $(-4, -8)$, $(0, 4)$ ও $(1, 7)$ এবং $(-1, -5)$, $(0, 0)$ ও $(2, 10)$ বিন্দুগুলো স্থাপন করি। তারপর বিন্দুগুলো পরপর সংযোগ করি। লেখচিত্রে দুইটি সরলরেখা পাই। সরলরেখা দুইটি পরস্পর $(2, 10)$ বিন্দুতে ছেদ করে। বিন্দুটির ভুজ হলো 2।

সুতরাং প্রদত্ত সমীকরণের সমাধান $x = 2$ ।

প্রশ্ন ১০ ৥ একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য $(x + 2)$ সে.মি., $(x + 4)$ সে.মি. ও $(x + 6)$ সে.মি. ($x > 0$) এবং ত্রিভুজটির পরিসীমা 18 সে.মি.।


ক) প্রদত্ত শর্তানুযায়ী আনুপাতিক চিত্র আঁক।

খ) সমীকরণ গঠন করে সমাধান কর।

গ) সমাধানের লেখচিত্র আঁক।

সমাধান :

ক) প্রদত্ত শর্তানুযায়ী আনুপাতিক চিত্র আঁকা হলো :



খ) প্রদত্ত শর্তানুযায়ী সমীকরণটি হবে,

$$x + 2 + x + 4 + x + 6 = 8$$

$$\text{বা, } 3x + 12 = 18$$

$$\text{বা, } 3x + 12 - 18 = 0 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } 3x - 6 = 0$$

$$\therefore \text{নির্ণেয় সমীকরণ, } 3x - 6 = 0$$

$$\text{এখন, } 3x - 6 = 0$$

$$\text{বা, } 3x = 6 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } \frac{3x}{3} = \frac{6}{3} \text{ [উভয়পক্ষকে 3 দ্বারা ভাগ করে]}$$

$$\therefore x = 2$$


$$\therefore \text{সমাধান : } x = 2$$

গ) প্রাপ্ত সমীকরণ $3x - 6 = 0$

x এর কয়েকটি মান নিয়ে $3x - 6$ এর মান বের করি এবং নিচের ছকটি তৈরি করি :

x	$3x - 6$	$(x, 3x - 6)$
0	-6	(0, -6)
1	-3	(1, -3)
3	3	(3, 3)

লেখচিত্রটি অঙ্কনের জন্য তিনটি বিন্দু (0, -6), (1, -3) ও (3, 3) নেওয়া হলো।



ছক কাগজে উভয় অক্ষে ক্ষুদ্রতম বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্যকে একক ধরে (0, -6), (1, -3) ও (3, 3) বিন্দুগুলো স্থাপন করি। তারপর বিন্দুগুলো পরপর সংযোগ করি। লেখচিত্রে একটি সরলরেখা পাই। সরলরেখাটি x অক্ষকে (2, 0) বিন্দুতে ছেদ করে। বিন্দুটির ভূজ হলো 2।

সুতরাং প্রাপ্ত সমীকরণের সমাধান $x = 2$ ।

প্রশ্ন ১১ ঢাকা ও আরিচার মধ্যবর্তী দূরত্ব 77 কি.মি.। একটি বাস ঘণ্টায় 30 কি.মি. বেগে ঢাকা থেকে আরিচার পথে রওনা দিল। অপর একটি বাস ঘণ্টায় 40 কি.মি. বেগে আরিচা থেকে ঢাকার পথে একই সময়ে রওনা দিল ও বাস দুইটি ঢাকা থেকে x কি.মি. দূরে মিলিত হলো।

ক) বাস দুইটি আরিচা থেকে কত দূরে মিলিত হবে তা x এর মাধ্যমে প্রকাশ কর।

খ) x এর মান নির্ণয় কর।

গ) গন্তব্যস্থানে পৌঁছাতে কোন বাসের কত সময় লাগবে?

সমাধান :

ক) দেওয়া আছে, ঢাকা ও আরিচার মধ্যবর্তী দূরত্ব 77 কি. মি.। বাস দুইটি ঢাকা থেকে x কি. মি. দূরে মিলিত হলো।

∴ বাস দুইটি আরিচা থেকে (77 - x) কি.মি. দূরে মিলিত হবে।

খ)

$$\text{প্রশ্নমতে, } \frac{x}{30} = \frac{77-x}{40}$$

$$\text{বা, } 40x = 2310 - 30x$$

$$\text{বা, } 40x + 30x = 2310 \text{ [পক্ষান্তর করে]}$$

$$\text{বা, } 70x = 2310$$

$$\text{বা, } x = \frac{2310}{70}$$

$$\therefore x = 33$$

নির্ণেয় মান : 33 কি.মি.।

গ)

ঢাকা থেকে 33 কি.মি. দূরে বাস দুইটি মিলিত হবে।

১ম বাসটির ঐ স্থানে যেতে সময় লাগবে $\frac{77}{30}$ ঘণ্টা

$$= \frac{77}{30} \times 60 \text{ মিনিট}$$

$$= 154 \text{ মিনিট}$$

$$= 2 \text{ ঘণ্টা } 34 \text{ মিনিট}$$

অর্থাৎ, ঢাকা থেকে আরিচাগামী বাসটির আরিচায় পৌঁছাতে সময় লাগে 2 ঘণ্টা 34 মিনিট

২য় বাসটির ঐ স্থানে যেতে সময় লাগবে $\frac{77}{40}$ ঘণ্টা

$$= \frac{77}{40} \times 60 \text{ মিনিট}$$

$$= \frac{231}{2} \text{ মিনিট}$$

$$= 1 \text{ ঘণ্টা } \frac{111}{2} \text{ মিনিট}$$


$$= 1 \text{ ঘণ্টা } 55 \frac{1}{2} \text{ মিনিট}$$

$$= 1 \text{ ঘণ্টা } 55 \text{ মিনিট } 30 \text{ সেকেন্ড}$$

∴ অর্থাৎ, আরিচা থেকে ঢাকাগামী বাসটির ঢাকায় পৌঁছাতে সময় লাগে = 1 ঘণ্টা 55 মিনিট 30 সেকেন্ড

∴ ঢাকা থেকে আরিচা 2 ঘণ্টা 34 মিনিট, আরিচা থেকে ঢাকা 1 ঘণ্টা 55 $\frac{1}{2}$ মিনিট লাগবে। (Ans.)

প্রশ্ন ১১



চিত্রে, $\angle PQR = 55^\circ$, $\angle LNR = 90^\circ$ এবং $PQ \parallel MR$ হলে, $\angle MRN$ এর মান নিচের কোনটি?

- ক. 35° খ. 45° গ. 55° ঘ. 90°

ব্যাখ্যা : যেহেতু $PQ \parallel MR$


$$\therefore \angle PQR = \text{অনুরূপ } \angle LRM$$

$$\text{এখানে, } \angle MRN + \angle LRM = \angle LNR$$

$$\text{বা, } \angle MRN + 55^\circ = 90^\circ$$

$$\therefore \angle MRN = 90^\circ - 55^\circ = 35^\circ$$

প্রশ্ন ১২



চিত্রে, $PQ \parallel SR$, $PQ = PR$ এবং $\angle PRQ = 50^\circ$ হলে, $\angle LRS$ এর মান নিচের কোনটি?

- ক. 80° ● 50° গ. 55° ঘ. 75°

ব্যাখ্যা : ΔPQR এ $PQ = PR$

$$\therefore \angle PQR = \angle PRQ = 50^\circ \text{ [দেওয়া আছে]}$$


আবার, $PQ \parallel SR$ এবং QRL তাদের ছেদক

$$\text{সুতরাং } \angle PQR = \angle LRS = 50^\circ \text{ [অনুরূপ কোণ]}$$

প্রশ্ন ১৩ ১ ABC সমদ্বিবাহু ত্রিভুজে ভূমি BC এর সমান্তরাল EF রেখা AB এবং AC কে যথাক্রমে E , F বিন্দুতে ছেদ করেছে। $\angle B = 52^\circ$ হলে, AEF ত্রিভুজে $\angle A + \angle F$ এর মান নিচের কোনটি?

- ক. 76° খ. 104° ● 128° ঘ. 156°

ব্যাখ্যা :



$BC \parallel EF$ এবং AB এদের ছেদক

$$\therefore \angle B = \angle E = 52^\circ \text{ [অনুরূপ কোণ]}$$

আবার, ΔAEF -এ, $\angle A + \angle E + \angle F = 180^\circ$

$$\text{বা, } \angle A + 52^\circ + \angle F = 180^\circ$$

$$\text{বা, } \angle A + \angle F = 180^\circ - 52^\circ = 128^\circ$$

প্রতিজ্ঞা: জ্যামিতিতে যে সকল বিষয়ের আলোচনা করা হয়, সাধারণভাবে তাদের প্রতিজ্ঞা বলা হয়।

সম্পাদ্য: যে প্রতিজ্ঞায় কোনো জ্যামিতিক বিষয় অঙ্কন করে দেখানো হয় এবং যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা প্রমাণ করা যায়, একে সম্পাদ্য বলা হয়।

সম্পাদ্যের বিভিন্ন অংশ :

(ক) উপাত্ত: সম্পাদ্যে যা দেওয়া থাকে, তাই উপাত্ত।

(খ) অঙ্কন: সম্পাদ্যে যা করণীয়, তাই অঙ্কন।

(গ) প্রমাণ: যুক্তি দ্বারা অঙ্কনের নির্ভুলতা যাচাই হলো প্রমাণ।

উপপাদ্য: যে প্রতিজ্ঞায় কোনো জ্যামিতিক বিষয়কে যুক্তি দ্বারা প্রতিষ্ঠিত করা হয়, তাকে উপপাদ্য বলে।

উপপাদ্যের বিভিন্ন অংশ :

(ক) সাধারণ নির্বচন: এ অংশে প্রতিজ্ঞার বিষয়টি সরলভাবে বর্ণনা করা হয়।


(খ) বিশেষ নির্বচন: এ অংশে প্রতিজ্ঞার বিষয়টি চিত্র দ্বারা বিশেষভাবে দেখানো হয়।

(গ) অঙ্কন: এ অংশে প্রতিজ্ঞা সমাধানের বা প্রমাণের জন্য অতিরিক্ত অঙ্কন করতে হয়।

(ঘ) প্রমাণ: এ অংশে স্বতঃসিদ্ধগুলো এবং পূর্বে গঠিত জ্যামিতিক সত্য ব্যবহার করে উপযুক্ত যুক্তি দ্বারা প্রস্তাবিত বিষয়টিকে প্রতিষ্ঠিত করা হয়।

অনুসিদ্ধান্ত : কোনো জ্যামিতিক প্রতিজ্ঞা প্রতিষ্ঠিত করে এর সিদ্ধান্ত থেকে এক বা একাধিক যে নতুন সিদ্ধান্ত গ্রহণ করা যায়, এদেরকে অনুসিদ্ধান্ত বলা হয়।

প্রশ্ন ১৪



AB || CD || EF

(১) $\angle x$ এর মান নিচের কোনটি?

- ক. 28° ● 32° গ. 45° ঘ. 58°

ব্যাখ্যা : CD || EF এবং CD ও EF

এদের ছেদক রেখার সাথে x ও 32°

অনুরূপ কোণ তৈরি করেছে।

$$\therefore \angle x = 32^\circ$$

(২) $\angle z$ এর মান নিচের কোনটি?

- ক. 58° খ. 103° গ. 122° ● 148°

ব্যাখ্যা : চিত্রানুসারে, $\angle z + 32^\circ = 180^\circ$

$$\text{বা, } \angle z = 180^\circ - 32^\circ = 148^\circ$$

(৩) নিচের কোনটি $y - z$ এর মান?

- ক. 58° ● 77° গ. 103° ঘ. 122°

ব্যাখ্যা : AB || CD এবং তাদের ছেদক দ্বারা উৎপন্ন $\angle c + 45^\circ = 180^\circ$

$$\therefore \angle c = 180^\circ - 45^\circ = 135^\circ$$

আবার, চিত্র হতে, $y + c = 360^\circ$ বা, $y + 135^\circ = 360^\circ$

$$\text{বা, } y = 360^\circ - 135^\circ = 225^\circ$$

$$\therefore y - z = 225^\circ - 148^\circ = 77^\circ$$


প্রশ্ন ১৫

- একই রেখার উপর অবস্থিত দুইটি সন্নিহিত কোণ পরস্পর সমান হতে পারে
- বিপ্রতীপ কোণদ্বয়ের সমদ্বিখন্ডক একই সরলরেখায় অবস্থিত
- একটি রেখার বহিঃস্থ একটি বিন্দু দিয়ে ঐ রেখার সমান্তরাল একাধিক রেখা আঁকা যায়

উপরের তথ্যের ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

- i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

প্রশ্ন ১৬



চিত্রে, AB || CD, $\angle BPE = 60^\circ$ এবং $PQ = PR$.

ক) দেখাও যে, $\frac{1}{2}\angle APE = 60^\circ$

খ) $\angle CQF$ এর মান বের কর।

গ) প্রমাণ কর যে, PQR একটি সমবাহু ত্রিভুজ।

সমাধান :

ক) চিত্রানুসারে, $\angle BPE = 60^\circ$

আবার, $\angle BPE + \angle APE = 180^\circ$ [রৈখিক যুগল কোণ]

$$\text{বা, } 60^\circ + \angle APE = 180^\circ$$

$$\text{বা, } \angle APE = 180^\circ - 60^\circ = 120^\circ$$

$$\therefore \frac{1}{2} \angle APE = \frac{1}{2} \times 120^\circ = 60^\circ$$

$$\therefore \frac{1}{2} \angle APE = 60^\circ$$

খ) $AB \parallel CD$ এবং EF তাদের ছেদক

$$\angle PQR = \text{অনুরূপ } \angle BPE = 60^\circ \text{ [অনুরূপ কোণ সমান]}$$

$$\text{আবার, } \angle CQF = \text{বিপ্রতীপ } \angle PQR = 60^\circ$$

গ) চিত্রানুসারে প্রমাণ করতে হবে যে, PQR একটি সমবাহু ত্রিভুজ।

প্রমাণ :

ধাপ : যথার্থতা

১. ΔPQR এ $PQ = PR$ [কল্পনা]

$$\therefore \angle PQR = \angle PRQ = 60^\circ \text{ [ত্রিভুজের সমান সমান বাহুর বিপরীত কোণ সমান]}$$

২. আবার, $\angle PQR + \angle PRQ$

$$+ \angle QPR = 180^\circ \text{ [ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]}$$

$$\text{বা, } 60^\circ + 60^\circ + \angle QPR = 180^\circ$$

$$\text{বা, } \angle QPR = 180^\circ - 60^\circ - 60^\circ = 60^\circ$$


$$\text{বা, } \Delta PQR \text{ এ } \angle PQR = \angle PRQ = \angle QPR$$

[প্রত্যেকেই 60° এর সমান]


৩. $\therefore PQ = QR = PR$ [সমান সমান কোণের বিপরীত বাহু পরস্পর সমান]

$$\therefore PQR \text{ একটি সমবাহু ত্রিভুজ।} \quad \text{[প্রমাণিত]}$$

প্রশ্ন ১ ১ $\angle ABD$, $\angle CBD$ এবং $\angle ADB$ এর মান নির্ণয় কর।



সমাধান :




চিত্রে, $\triangle ABC$ এর $\angle ABC = 90^\circ$, $\angle BAC = 48^\circ$ এবং $BD \perp AC$.

$$\therefore \angle ADB = 90^\circ, \angle ABD = 90^\circ - 48^\circ = 42^\circ$$

$$\angle BDC = 90^\circ, \angle CBD = 90^\circ - 42^\circ = 48^\circ$$

প্রশ্ন ১ ২ ১ একটি সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দুতে অবস্থিত কোণটির মান 50° । অবশিষ্ট কোণ দুইটির মান নির্ণয় কর।

সমাধান :



$\triangle ABC$ -এ $AB = AC$ এবং শীর্ষবিন্দুতে অবস্থিত $\angle BAC = 50^\circ$.

অবশিষ্ট কোণ দুইটির মান নির্ণয় : $\triangle ABC$ -এ $AB = AC$

$$\therefore \angle ABC = \angle ACB$$

[ত্রিভুজের সমান বাহুর বিপরীত কোণদ্বয়

সমান]

$$\text{আবার, } \triangle ABC\text{-এ } \angle ABC + \angle ACB + \angle BAC = 180^\circ$$

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই

সমকোণ]

$$\text{বা, } \angle ABC + \angle ABC + 50^\circ = 180^\circ$$


$$[\therefore \angle ABC = \angle ACB]$$

$$\text{বা, } 2\angle ABC = 180^\circ - 50^\circ = 130^\circ$$

$$\therefore \angle ABC = \frac{130^\circ}{2} = 65^\circ$$


$$\therefore \angle ABC = \angle ACB = 65^\circ$$

ত্রিভুজের মধ্যমা: ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে বিপরীত বাহুর মধ্যবিন্দু পর্যন্ত অঙ্কিত রেখাংশ মধ্যমা।



চিত্রে, ABC একটি ত্রিভুজ। A, B, C ত্রিভুজটির তিনটি শীর্ষবিন্দু। AB, BC, CA ত্রিভুজটির তিনটি বাহু এবং $\angle A$, $\angle B$, $\angle C$ তিনটি কোণ। ত্রিভুজটির যেকোনো একটি বাহু BC-এর মধ্যবিন্দু D নির্ণয় করি এবং D হতে বিপরীত শীর্ষবিন্দু A পর্যন্ত রেখাংশ আঁকি। AD, ABC ত্রিভুজের একটি মধ্যমা।


ত্রিভুজের উচ্চতা : শীর্ষবিন্দু থেকে বিপরীত বাহুর লম্ব দূরত্বই ত্রিভুজের উচ্চতা।



চিত্রে, ABC একটি ত্রিভুজ। A শীর্ষবিন্দু হতে বিপরীত বাহু BC এর লম্ব দূরত্বই ত্রিভুজের উচ্চতা। A হতে BC এর উপর লম্ব AM অঙ্কন করি। AM, ABC ত্রিভুজের উচ্চতা। প্রত্যেক শীর্ষবিন্দু হতে ত্রিভুজের উচ্চতা নির্ণয় করা যায়।

ত্রিভুজের বহিঃস্থ ও অন্তঃস্থ কোণ:

কোনো ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে কোণ উৎপন্ন হয় তা ত্রিভুজটির একটি বহিঃস্থ কোণ। এই কোণের সন্নিহিত কোণটি ছাড়া ত্রিভুজের অপর দুইটি কোণকে এই বহিঃস্থ কোণের বিপরীত অন্তঃস্থ কোণ বলা হয়।




চিত্রে, $\triangle ABC$ এর BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হয়েছে। $\angle ACD$ ত্রিভুজটির একটি বহিঃস্থ কোণ।

$\angle ABC$, $\angle BAC$ ও $\angle ACB$ ত্রিভুজটির তিনটি অন্তঃস্থ কোণ। $\angle ACB$ কে $\angle ACD$ এর প্রেক্ষিতে সন্নিহিত অন্তঃস্থ কোণ বলা হয়। $\angle ABC$ ও $\angle BAC$ এর প্রত্যেককে $\angle ACD$ এর বিপরীত অন্তঃস্থ কোণ বলা হয়।

প্রশ্ন ১৩ ৥ প্রমাণ কর যে, চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি চার সমকোণের সমান।

সমাধান :



মনে করি, $\Delta ABCD$ একটি চতুর্ভুজ। প্রমাণ করতে হবে যে,

$$\angle A + \angle B + \angle C + \angle D = \text{চার সমকোণ।}$$

প্রমাণ :

ধাপ :


১. ΔABD এ $\angle BAD + \angle ABD + \angle ADB =$ দুই সমকোণ।
 ২. ΔBCD -এ $\angle BCD + \angle DBC + \angle BDC =$ দুই সমকোণ।
 ৩. $\therefore \angle BAD + \angle BCD + (\angle ABD + \angle DBC) + (\angle ADB + \angle BDC) =$ চার সমকোণ
 - $\therefore \angle BAD + \angle BCD + \angle ABC + \angle ADC =$ চার সমকোণ
- [প্রমাণিত]

যথার্থতা

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]
[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]
[১ ও ২ হতে]

প্রশ্ন ১৪ ৥ দুইটি রেখা PQ এবং RS পরস্পর O বিন্দুতে ছেদ করে। PQ এবং RS এর উপর যথাক্রমে L ও M এবং E ও F চারটি বিন্দু, যেন, $LM \perp RS$, $EF \perp PQ$. প্রমাণ কর যে, $\angle MLO = \angle FEO$.

সমাধান :



মনে করি, PQ এবং RS রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে। PQ এবং RS এর উপর যথাক্রমে L ও M এবং E ও F চারটি বিন্দু যেন $LM \perp RS$ এবং $EF \perp PQ$ হয়। প্রমাণ করতে হবে যে, $\angle MLO = \angle FEO$.

প্রমাণ :

ধাপ :


১. $\angle LMO = \angle EFO$
২. $\angle MOL = \angle EOF$
৩. $\angle MOL + \angle MLO + \angle LMO = \angle EOF + \angle EFO + \angle FEO$
৪. $\angle MLO = \angle FEO$ [প্রমাণিত]

যথার্থতা

[সমকোণ]
[বিপ্রতীপ কোণ]
[প্রত্যেকেই দুই সমকোণের সমান]
[সমান সমান কোণ বাদ দিয়ে]

প্রশ্ন ১৫ ১ $\triangle ABC$ -এর $AC \perp BC$; E , AC এর বর্ধিতাংশের উপর যেকোনো বিন্দু এবং $ED \perp AB$. ED এবং BC পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে, $\angle CEO = \angle DBO$.

সমাধান :



মনে করি, $\triangle ABC$ এর $AC \perp BC$; E , AC এর বর্ধিতাংশের উপর যেকোনো বিন্দু এবং $ED \perp AB$. ED এবং BC পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, $\angle CEO = \angle DBO$.

প্রমাণ :

ধাপ :

১. $\angle BOD = \angle COE$

যথার্থতা

[বিপ্রতীপ কোণ]

২. $\angle BDO = \angle OCE$

[সমকোণ]

৩. $\triangle BDO$ এ- $\angle DBO + \angle BDO + \angle BOD =$ দুই সমকোণ।

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]

৪. তদ্রূপ $\triangle CEO$ এ $\angle COE + \angle OCE + \angle CEO =$ দুই সমকোণ।

[একইভাবে]


$\therefore \angle COE + \angle OCE + \angle CEO = \angle DBO + \angle BDO + \angle BOD$

[৩ এবং ৪ হতে]

$\therefore \angle CEO = \angle DBO$ [প্রমাণিত]

[উভয়পক্ষ থেকে সমান কোণ বাদ দিয়ে]

নিচের তথ্যের ভিত্তিতে ১-৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :



চিত্রে, CE, $\angle ACD$ এর সমদ্বিখণ্ডক। $AB \parallel CE$ এবং $\angle ECD = 60^\circ$

প্রশ্ন ১ $\angle BAC$ এর মান নিচের কোনটি?

- ক. 30° খ. 45° ● 60° ঘ. 120°

ব্যাখ্যা : যেহেতু $AB \parallel CE$ এবং AC ছেদক

$$\therefore \angle BAC = \angle ACE \text{ [একান্তর কোণ]}$$

কিন্তু CE, $\angle ACD$ এর সমদ্বিখণ্ডক।

$$\text{সুতরাং } \angle ACE = \angle ECD = 60^\circ$$

$$\therefore \angle BAC = 60^\circ$$

প্রশ্ন ২ $\angle ACD$ এর মান নিচের কোনটি?

- ক. 60° খ. 90° ● 120° ঘ. 180°

$$\text{ব্যাখ্যা : } \angle ACD = \angle ACE + \angle ECD = 60^\circ + 60^\circ = 120^\circ$$

প্রশ্ন ৩ $\triangle ABC$ কোন ধরনের ত্রিভুজ?

- ক. স্থূলকোণী খ. সমদ্বিবাহু ● সমবাহু ঘ. সমকোণী

ব্যাখ্যা : যেহেতু $BA \parallel CE$ এবং BD ছেদক

$$\therefore \angle ABC = \angle ECD = 60^\circ \text{ [অনুরূপ কোণ]}$$

$$\text{আবার, } \angle BAC + \angle ABC + \angle ACB = 180^\circ$$

$$\text{বা, } 60^\circ + 60^\circ + \angle ACB = 180^\circ$$

$$\text{বা, } \angle ACB = 180^\circ - 120^\circ = 60^\circ$$

$$\therefore \angle ACB = 60^\circ$$

$$\text{সুতরাং } \angle BAC = \angle ABC = \angle ACB = 60^\circ$$

অতএব, $\triangle ABC$ সমবাহু

প্রশ্ন ৪ $\triangle ABC$ এ $\angle A = 70^\circ$, $\angle B = 40^\circ$ হলে $\triangle ABC$ কী ধরনের ত্রিভুজ?

- ক. স্থূলকোণী খ. সমকোণী গ. সমবাহু ● সমদ্বিবাহু

প্রশ্ন ৫ একটি ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে 5 সে.মি. এবং 4 সে.মি. ত্রিভুজটির অপর বাহুটি নিচের কোনটি হতে পারে?

- ক. 1 সে.মি. ● 4 সে.মি. গ. 9 সে.মি. ঘ. 10 সে.মি.

$$\text{ব্যাখ্যা : } 5 \text{ সে.মি.} + 4 \text{ সে.মি.} = 9 \text{ সে.মি.} > 4 \text{ সে.মি.}$$

প্রশ্ন ৬ সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়কে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের একটি 120° হলে, অপরটি কত?

- 120° খ. 90° গ. 60° ঘ. 30°

ব্যাখ্যা : সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়কে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ও সমান হবে।

প্রশ্ন ৭ সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের একটি 40° হলে, অপর সূক্ষ্মকোণের মান নিচের কোনটি?

- ক. 40° খ. 45° ● 50° ঘ. 60°


$$\text{ব্যাখ্যা : অপর সূক্ষ্মকোণ} = 90^\circ - 40^\circ = 50^\circ$$

প্রশ্ন ১৮ ৥ কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে, ত্রিভুজটি কী ধরনের হবে?

ক. সমবাহু খ. সূক্ষ্মকোণী ● সমকোণী ঘ. স্থূলকোণী

প্রশ্ন ১৯ ৥ $\triangle ABC$ -এ $AB > AC$ এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে।
প্রমাণ কর যে, $PB > PC$.

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এ $AB > AC$ এবং $\angle B$ ও $\angle C$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর P বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ কর যে, $PB > PC$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle ABC$ -এ $AB > AC$

[কল্পনা]

$\therefore \angle ACB > \angle ABC$

[ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

$\therefore \frac{1}{2} \angle ACB > \frac{1}{2} \angle ABC$.

[উভয়পক্ষকে $\frac{1}{2}$ দ্বারা গুণ করে]


বা, $\angle PCB > \angle PBC$ [PB ও PC যথাক্রমে $\angle ABC$ এবং $\angle ACB$ এর সমদ্বিখণ্ডক]

২. $\triangle PBC$ -এ $\angle PCB > \angle PBC$

$\therefore PB > PC$. [প্রমাণিত] [বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর]

প্রশ্ন ১০ ৥ ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ এবং এর $AB = AC$; BC কে যেকোনো দূরত্বে D পর্যন্ত বাড়ানো হলো। প্রমাণ কর যে, $AD > AB$.

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ -এ $AB = AC$; BC কে যেকোনো দূরত্বে D পর্যন্ত বাড়ানো হলো।

প্রমাণ করতে হবে যে, $AD > AB$.

প্রমাণ :

ধাপ:

যথার্থতা

১. $\triangle ABC$ -এ $AB = AC$

[কল্পনা]

$\therefore \angle ABC = \angle ACB$

[ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান]

২. $\triangle ADC$ -এর বহিঃস্থ $\angle ACB$

$\therefore \angle ACB > \angle ADC$


[ত্রিভুজের বহিঃস্থ কোণ অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর]

৩. $\triangle ABD$ -এ $\angle ABD > \angle ADB$ [ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

$\therefore AD > AB$. [প্রমাণিত]

প্রশ্ন ১১ ৷ ABCD চতুর্ভুজে AB = AD, BC = CD এবং CD > AD. প্রমাণ কর যে, $\angle DAB > \angle BCD$.

সমাধান :



মনে করি, ABCD চতুর্ভুজে AB = AD, BC = CD এবং CD > AD. প্রমাণ করতে হবে যে, $\angle DAB > \angle BCD$.


অঙ্কন : A, C যোগ করি।

প্রমাণ :

- | ধাপ | যথার্থতা |
|---|----------|
| ১. $\triangle ADC$ -এ $CD > AD$
$\therefore \angle DAC > \angle DCA$ [ত্রিভুজের বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর] | [কল্পনা] |
| ২. $\triangle ABC$ -এ $BC > AB$ [$CD = BC$ এবং $AD = AB$]
$\therefore \angle BAC > \angle BCA$ [১ নং অনুসারে] | |
| ৩. $\angle DAC + \angle BAC > \angle DAC + \angle BCA$
[উভয়পক্ষে $\angle DAC$ যোগ করে] | |
| বা, $\angle DAC + \angle BAC > \angle DCA + \angle BCA$ [$\because \angle DAC > \angle DCA$] | |
| $\therefore \angle DAB > \angle BCD$ [প্রমাণিত] | |

প্রশ্ন ১২ ৷ $\triangle ABC$ -এ $AB = AC$ এবং D, BC-এর উপর একটি বিন্দু। প্রমাণ কর যে, $AB > AD$.

সমাধান :




বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ -এ $AB = AC$ এবং D, BC-এর উপর একটি বিন্দু। A, D যোগ করি। প্রমাণ করতে হবে যে, $AB > AD$.

প্রমাণ :

- | ধাপ | যথার্থতা |
|--|----------|
| ১. $\triangle ABC$ -এ $AB = AC$
$\therefore \angle ABC = \angle ACB$. [সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান] | |
| ২. $\triangle ADC$ -এর বহিঃস্থ $\angle ADB > \angle ACD$ [ত্রিভুজের বহিঃস্থ কোণ অন্তঃস্থ কোণ বিপরীত কোণদ্বয়ের প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর]
বা, $\angle ADB > \angle ACB$.
বা, $\angle ADB > \angle ABC$. [১ নং হতে]
বা, $\angle ADB > \angle ABD$. | |
| ৩. $\triangle ABD$ -এ $\angle ADB > \angle ABD$.
$\therefore AB > AD$. [প্রমাণিত] [ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর] | |

প্রশ্ন ১৩ ৥ ΔABC -এ $AB \perp AC$ এবং D , AC -এর উপর একটি বিন্দু। প্রমাণ কর যে, $BC > BD$.

সমাধান :



মনে করি, ΔABC -এ $AB \perp AC$ এবং D , AC -এর উপর একটি বিন্দু। B , D যোগ করি। প্রমাণ করতে হবে যে, $BC > BD$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. ΔABD -এ $\angle BAD = 90^\circ$ [$AB \perp AC$]

এবং $\angle ACB < 90^\circ$ [$\angle ACB + \angle ABC = 90^\circ$]

$\therefore \angle BAD > \angle ACB$.


২. ΔABD -এর বহিঃস্থ $\angle BDC > \angle BAD$. [ত্রিভুজের বহিঃস্থ কোণ এর অন্তঃস্থ বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

৩. ΔBDC -এ $\angle BDC > \angle BCD$. [১ এবং ২ হতে]

$\therefore BC > BD$. [প্রমাণিত] [ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর।]

প্রশ্ন ১৪ ৥ প্রমাণ কর যে, সমকোণী ত্রিভুজের অতিভুজই বৃহত্তম বাহু।

সমাধান :



মনে করি, ΔABC -এ AB ও BC সমকোণী সংলগ্ন দুইটি বাহু এবং AC অতিভুজ। প্রমাণ করতে হবে যে, $AC > AB$ এবং $AC > BC$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. ΔABC -এ $\angle ABC > \angle ACB$ [$\angle ABC = 90^\circ$ এবং $\angle ACB < 90^\circ$]

$\therefore AC > AB$ [ত্রিভুজের বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর]

২. $\angle ABC > \angle BAC$


$AC > BC$

$\therefore AC$ -ই বৃহত্তম বাহু

অর্থাৎ, অতিভুজই ত্রিভুজটির বৃহত্তম বাহু। [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ৥ প্রমাণ কর যে, ত্রিভুজের বৃহত্তম বাহুর বিপরীত কোণ বৃহত্তম।

সমাধান :



মনে করি, ΔABC -এ BC বাহু বৃহত্তম। প্রমাণ করতে হবে যে, $\angle BAC$ বৃহত্তম কোণ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. ΔABC -এ $BC > AB$ [BC বৃহত্তর বাহু]

$\therefore \angle BAC > \angle ACB$. [বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]

২. আবার $BC > AC$ [কল্পনা]

$\therefore \angle BAC > \angle ABC$ [বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর]


$\therefore \angle BAC$ -ই বৃহত্তম কোণ। [প্রমাণিত]

প্রশ্ন ১৬ ৥ চিত্রে, $\angle QPM = \angle RPM$ এবং $\angle QPR = 90^\circ$

ক) $\angle QPM$ এর মান নির্ণয় কর।

খ) $\angle PQM$ ও $\angle PRM$ এর মান কত?

গ) $PQ = 6$ সে.মি. হলে, PR এর মান নির্ণয় কর।



সমাধান :

ক) চিত্রানুসারে,

$$\angle QPM + \angle RPM = \angle QPR = 90^\circ$$

$$\text{বা, } \angle QPM + \angle QPM = 90^\circ [\angle QPM = \angle RPM]$$

$$\text{বা, } 2\angle QPM = 90^\circ$$

$$\therefore \angle QPM = \frac{90^\circ}{2} = 45^\circ$$

খ) ΔPQM -এ $\angle PMQ = 90^\circ$ [$PM \perp QR$]

$$\angle QPM = 45^\circ \quad [\text{ক নং হতে}]$$

$$\therefore \angle PQM + \angle QPM = 90^\circ$$

$$\text{বা, } \angle PQM + 45^\circ = 90^\circ$$

$$\text{বা, } \angle PQM = 90^\circ - 45^\circ = 45^\circ$$

$$\text{আবার, } \angle RPM = \angle QPM = 45^\circ, \angle PMR = 90^\circ$$

$$\therefore \angle PRM = 90^\circ - 45^\circ = 45^\circ$$

গ) ΔPQR এ $\angle PQR = \angle PRQ$ [\therefore প্রত্যেকেই 45° এর সমান]

$$\therefore PQ = PR \quad [\text{ত্রিভুজের সমান সমান কোণের বিপরীত বাহু সমান}]$$

$$\therefore PR = 6 \text{ সে.মি.} \quad [\therefore PQ = 6 \text{ সে.মি.}]$$

প্রশ্ন ১১ কোনো ত্রিভুজের দুইটি বাহু এবং এদের একটি বিপরীত কোণ দেওয়া থাকলে, সর্বাধিক কয়টি ত্রিভুজ আঁকা যাবে?

- ক. 1 ● 2 গ. 3 ঘ. 4

প্রশ্ন ১২ কোন ক্ষেত্রে ত্রিভুজ আঁকা সম্ভব যখন তিনটি বাহুর দৈর্ঘ্য—

- ক. 1 সে.মি., 2 সে. মি. 3 সে. মি.
● 3 সে.মি., 4 সে. মি. 5 সে. মি.
গ. 2 সে.মি., 4 সে. মি. 6 সে. মি.
ঘ. 3 সে.মি., 4 সে. মি. 7 সে. মি.


ব্যখ্যা : ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর। এখানে, $3 + 4 > 5$ বা, $7 > 5$

- প্রশ্ন ১৩ i. একটি ত্রিভুজের দুইটি বাহু এবং তাদের অন্তর্ভুক্ত কোণ দেওয়া থাকলে, ত্রিভুজটি আঁকা যায়।
ii. দুইটি বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হলে, ত্রিভুজটি আঁকা যায়।
iii. কোনো ত্রিভুজের একাধিক স্থূলকোণ থাকতে পারে।

উপরের তথ্য অনুসারে নিচের কোনটি সঠিক?

- i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

নিচের চিত্র অনুসারে ৪-৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :



প্রশ্ন ৪ C বিন্দুতে BA রেখার সমান্তরাল রেখা আঁকতে হলে, কোন কোণের সমান কোণ আঁকতে হবে?

- $\angle ABC$ খ. $\angle ACB$ গ. $\angle BAC$ ঘ. $\angle CAD$

প্রশ্ন ৫ $\angle CAD$ এর সমান নিচের কোনটি?


- ক. $\angle BAC + \angle ACB$ ● $\angle ABC + \angle ACB$
গ. $\angle ABC + \angle ACB + \angle BAC$ ঘ. $\angle ABC + \angle BAC$

প্রশ্ন ৬ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে। ত্রিভুজটি আঁক।

- (ক) 3 সে.মি., 4 সে.মি., 6 সে.মি.
(খ) 3.5 সে.মি., 4.7 সে.মি., 5.6 সে.মি.

সমাধান :

(ক)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য $x = 3$ সে.মি., $y = 4$ সে.মি. এবং $z = 6$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

- BE যেকোনো একটি রশ্মি নিই।
- BE রশ্মি হতে z -এর সমান করে BC অংশ কেটে নিই।

ত্রিভুজ অঙ্কন: প্রত্যেক ত্রিভুজের ছয়টি অংশ আছে; তিনটি বাহু এবং তিনটি কোণ। ত্রিভুজের এই ছয়টি অংশের কয়েকটি অপর একটি ত্রিভুজের অনুরূপ অংশের সমান হলে দুইটি ত্রিভুজ সর্বসম হতে পারে। সুতরাং কেবল ঐ অংশগুলো দেওয়া থাকলে ত্রিভুজটির আকার নির্দিষ্ট হয় এবং ত্রিভুজটি আঁকা যায়।

নিচের উপাত্তগুলো জানা থাকলে একটি নির্দিষ্ট ত্রিভুজ সহজেই আঁকা যায়:

- (১) তিনটি বাহু
- (২) দুইটি বাহু ও এদের অন্তর্ভুক্ত কোণ
- (৩) একটি বাহু ও এর সংলগ্ন দুইটি কোণ
- (৪) দুইটি কোণ ও এর একটির বিপরীত বাহু
- (৫) দুইটি বাহু ও এর একটির বিপরীত কোণ
- (৬) সমকোণী ত্রিভুজের অতিভুজ ও অপর একটি বাহু অথবা কোণ।

৩. এখন, B কে কেন্দ্র করে y- এর সমান ব্যাসার্ধ নিয়ে এবং C কে কেন্দ্র করে x- এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পার্শ্বে দুইটি বৃত্তচাপ আঁকি। উক্ত বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করল।


৪. এখন A,B ও A,C যোগ করি।

সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, $\triangle ABC$ -এ $AB = 4$ সে.মি., $BC = 6$ সে.মি. এবং $AC = 3$ সে.মি.।

$\therefore \triangle ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।

(খ)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য $x = 3.5$ সে.মি., $y = 4.7$ সে.মি. এবং $z = 5.6$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

১. BE যেকোনো একটি রশ্মি নিই।

২. BE রশ্মি হতে z-এর সমান করে BC অংশ কেটে নিই।

৩. এখন, B ও C বিন্দুকে কেন্দ্র করে যথাক্রমে y ও x এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পার্শ্বে দুইটি বৃত্তচাপ আঁকি। উক্ত বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করল।

৪. এখন, A, B ও A, C যোগ করি।

সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, $\triangle ABC$ -এ $AB = 4.7$ সে.মি., $BC = 5.6$ সে.মি. এবং $AC = 3.5$ সে.মি.।

$\therefore \triangle ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।


প্রশ্ন ১৭ একটি ত্রিভুজের দুইটি বাহু ও এদের অন্তর্ভুক্ত কোণ দেওয়া আছে। ত্রিভুজটি আঁক।

(ক) 3 সে.মি., 4 সে.মি., 60°

(খ) 3.8 সে.মি., 4.7 সে.মি., 45°

সমাধান :

(ক)



বিশেষ নির্বচন : একটি ত্রিভুজের দুইটি বাহু $x = 3$ সে.মি. ও $y = 4$ সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ $\angle z = 60^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

১. BE যেকোনো একটি রশ্মি নিই।

২. BE রেখাংশ হতে y-এর সমান করে BC অংশ কেটে নিই।

৩. B বিন্দুতে $\angle z$ -এর সমান করে $\angle EBD$ আঁকি।

৪. BD রেখা হতে x-এর সমান করে BA অংশ কেটে নিই।


৫. এখন A, C যোগ করি।

সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, ΔABC -এ $AB = 3$ সে.মি., $BC = 4$ সে.মি. এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত $\angle ABC = 60^\circ$ ।

$\therefore \Delta ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।

(খ)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের দুইটি বাহু $x = 3.8$ সে.মি. ও $y = 4.7$ সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ $\angle z = 45^\circ$ । ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

1. BE যেকোনো একটি রশ্মি নিই।
2. BE রশ্মি হতে y -এর সমান করে BC অংশ কেটে নিই।
3. B বিন্দুতে $\angle z$ -এর সমান করে $\angle EBD$ আঁকি।
4. BD রশ্মি হতে x -এর সমান করে BA অংশ কেটে নিই।
5. এখন A, C যোগ করি।

সুতরাং ΔABC -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, ΔABC -এ $AB = 3.8$ সে.মি.,
 $BC = 4.7$ সে.মি. এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত $\angle ABC = 45^\circ$ ।
 $\therefore \Delta ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।


প্রশ্ন ১৮ ৥ একটি ত্রিভুজের একটি বাহু ও এর সংলগ্ন দুইটি কোণ দেওয়া আছে। ত্রিভুজটি আঁক।

(ক) 5 সে.মি., 30° , 45°

(খ) 4.5 সে.মি., 45° , 60°

সমাধান :

(ক)




বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের একটি বাহু $x = 5$ সে.মি. এবং এর সংলগ্ন দুইটি কোণ $\angle y = 30^\circ$ ও $\angle z = 45^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

1. BE যেকোনো একটি রশ্মি নিই।
2. BE রশ্মি হতে x -এর সমান করে BC অংশ কেটে নিই।
3. B বিন্দুতে $\angle y$ -এর সমান করে $\angle CBP$ এবং C বিন্দুতে $\angle z$ -এর সমান করে $\angle BCQ$ আঁকি।
4. এখন, BP ও CQ রেখাদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করল। সুতরাং ΔABC -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, ΔABC -এ $\angle ABC = 30^\circ$, $\angle ACB = 45^\circ$ এবং $BC = 5$ সে.মি.।
 $\therefore \Delta ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।

(খ)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের একটি বাহু $x = 4.5$ সে.মি. এবং এর সংলগ্ন দুইটি কোণ $\angle P = 45^\circ$ ও $\angle Q = 60^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

১. BD যেকোনো একটি রশ্মি নিই।
 ২. BD রশ্মি হতে x -এর সমান করে BC অংশ কেটে নিই।
 ৩. B বিন্দুতে $\angle P$ -এর সমান করে $\angle CBE$ এবং C বিন্দুতে $\angle Q$ -এর সমান করে $\angle BCF$ আঁকি।
 ৪. এখন, BE ও CF বাহুদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করল।
- সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, $\triangle ABC$ -ই এ

$BC = 4.5$ সে.মি., $\angle ABC = 45^\circ$ এবং $\angle ACB = 60^\circ$ ।

$\therefore \triangle ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।


প্রশ্ন ৯ ৥ একটি ত্রিভুজের দুইটি কোণ ও প্রথম কোণের বিপরীত বাহু দেওয়া আছে। ত্রিভুজটি আঁক।

(ক) $120^\circ, 30^\circ, 5$ সে.মি.

(খ) $60^\circ, 30^\circ, 4$ সে.মি.

সমাধান :

(ক)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের দুইটি কোণ $\angle P = 120^\circ$ এবং $\angle Q = 30^\circ$ ও $\angle P$ এর বিপরীত বাহু $x = 5$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

১. BD যেকোনো একটি রশ্মি নিই।
২. BD রশ্মি হতে x -এর সমান করে BC অংশ কেটে নিই।
৩. BC রেখাংশের B ও C বিন্দুতে $\angle Q$ -এর সমান করে যথাক্রমে $\angle CBE$ ও $\angle DCF$ আঁকি।
৪. আবার, CF রেখার C বিন্দুতে এর যে পাশে $\angle Q$ অবস্থিত তার বিপরীত পাশে $\angle P$ -এর সমান করে $\angle FCG$ আঁকি। CG রেখা BE রেখাকে A বিন্দুতে ছেদ করল।

সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, $\angle ABC = \angle FCD$. কিন্তু কোণ দুইটি অনুরূপ হওয়ায় $AB \parallel CF$.


এখন, $AB \parallel CF$ এবং AC তাদের ছেদক।

$\therefore \angle BAC =$ একান্তর $\angle ACF = 120^\circ$

এখন, $\triangle ABC$ -এ $\angle BAC = 120^\circ$, $\angle ABC = 30^\circ$ এবং $\angle BAC$ -এর বিপরীত বাহু $BC = 5$ সে.মি.।

$\therefore \triangle ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।

(খ)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের দুইটি কোণ $\angle P = 60^\circ$ ও $\angle Q = 30^\circ$ এবং $\angle P$ এর বিপরীত বাহু $x = 4$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

1. BD যেকোনো একটি রশ্মি নিই।
2. BD রশ্মি হতে x -এর সমান করে BC অংশ কেটে নিই।
3. BC রেখাংশের B ও C বিন্দুতে প্রদত্ত $\angle Q$ -এর সমান করে যথাক্রমে $\angle CBE$ ও $\angle DCF$ আঁকি।
8. আবার, CF রেখার C বিন্দুতে এর যে পাশে $\angle Q$ অবস্থিত তার বিপরীত পাশে $\angle P$ -এর সমান করে $\angle FCG$ আঁকি। CG রেখা BE রেখাকে A বিন্দুতে ছেদ করল।

সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, $\angle ABC = \angle FCD$ কিন্তু কোণ দুইটি অনুরূপ হওয়ায় $AB \parallel CF$ ।

এখন, $AB \parallel CF$ এবং AC তাদের ছেদক।

$\therefore \angle BAC =$ একান্তর $\angle ACF = 60^\circ$

অতএব, $\triangle ABC$ -এ

$\angle BAC = 60^\circ$, $\angle ABC = 30^\circ$ এবং $\angle BAC$ -এর বিপরীত বাহু $BC = 4$ সে.মি.।

$\therefore \triangle ABC$ -ই নির্দিষ্ট ত্রিভুজ।


প্রশ্ন ১০ ৥ একটি ত্রিভুজের দুইটি বাহু ও প্রথম বাহুর বিপরীত কোণ দেওয়া আছে। ত্রিভুজটি আঁক।

(ক) 5.3 সে.মি., 6 সে.মি., 60°

(খ) 4 সে.মি., 5 সে.মি., 30°

সমাধান :


(ক)



বিশেষ নির্বচন : মনে করি, একটি ত্রিভুজের দুইটি বাহু $x = 5.3$ সে.মি. ও $y = 6$ সে.মি. এবং প্রথম বাহুর বিপরীত কোণ $\angle P = 60^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

1. BE যেকোনো একটি রশ্মি নিই।
2. BE রশ্মির B বিন্দুতে প্রদত্ত $\angle P$ -এর সমান $\angle EBD$ আঁকি।
3. BD রেখা হতে y -এর সমান করে BA অংশ কেটে নিই।



বিশেষ নির্বচন : মনে করি, একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ $x = 7.2$ সে.মি. এবং এর সংলগ্ন বাহু $y = 4.5$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :



১. BE যেকোনো একটি রশ্মি নিই।
২. BE রশ্মি হতে y -এর সমান করে BC অংশ কেটে নিই।
৩. BC রেখার B বিন্দুতে BC এর উপর BD লম্ব আঁকি।
৪. C বিন্দুকে কেন্দ্র করে x -এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি, যেন এটা BD রেখাকে A বিন্দুতে ছেদ করে।
৫. এখন, A, C যোগ করি।

সুতরাং $\triangle ABC$ -ই সমকোণী ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ: অঙ্কনানুসারে, $\triangle ABC$ -এ অতিভুজ $AC = 7.2$ সে.মি., $BC = 4.5$ সে.মি. এবং $\angle ABC =$ এক সমকোণ।

$\therefore \triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ।

(খ)



বিশেষ নির্বচন : মনে করি, একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ $x = 4.7$ সে.মি. এবং এর সংলগ্ন বাহু $y = 3$ সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

১. BE যেকোনো একটি রশ্মি নিই।
২. BE রশ্মি হতে y -এর সমান করে BC অংশ কেটে নিই।
৩. BC রেখার B বিন্দুতে BC এর উপর BD লম্ব আঁকি।
৪. C বিন্দুকে কেন্দ্র করে x -এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি, যেন এটা BD রেখাকে A বিন্দুতে ছেদ করে।
৫. এখন A, C যোগ করি।


সুতরাং $\triangle ABC$ -ই নির্ণেয় সমকোণী ত্রিভুজ অঙ্কিত হলো।

প্রমাণ : অঙ্কনানুসারে, $\triangle ABC$ -এ অতিভুজ $AC = 4.7$ সে.মি., $BC = 3$ সে.মি. এবং $\angle ABC =$ এক সমকোণ।

$\therefore \triangle ABC$ -ই নির্ণেয় সমকোণী ত্রিভুজ।

প্রশ্ন ১২ ৥ একটি সমকোণী ত্রিভুজের একটি বাহু 5.3 সে.মি. এবং একটি সূক্ষ্মকোণ 45° দেওয়া আছে। ত্রিভুজটি আঁক।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, একটি সমকোণী ত্রিভুজের একটি নির্দিষ্ট বাহু $x = 5.3$ সে.মি. এবং একটি সূক্ষ্মকোণ $\angle P = 45^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

১. যেকোনো রশ্মি BE নিই।
২. BE রশ্মি হতে x -এর সমান করে BC কেটে নিই।
৩. B বিন্দুতে BD লম্ব আঁকি এবং C বিন্দুতে প্রদত্ত $\angle P$ এর সমান করে $\angle BCA$ আঁকি। AC রেখা BD কে A বিন্দুতে ছেদ করে।

সুতরাং $\triangle ABC$ -ই উদ্দিষ্ট ত্রিভুজ।

প্রমাণ : $AB \perp BC$ হওয়ায় $\angle ABC =$ এক সমকোণ।
এবং অঙ্কনানুসারে, $\angle ACB = 45^\circ$ ও $BC = 5.3$ সে.মি.


$\therefore \triangle ABC$ -ই নির্ণেয় সমকোণী ত্রিভুজ।

প্রশ্ন ১৩ ৥ একই সরলরেখায় অবস্থিত নয় এমন তিনটি বিন্দু A, B ও C.

- (ক) বিন্দু তিনটি দিয়ে একটি ত্রিভুজ আঁক।
- (খ) অঙ্কিত ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে ভূমির উপর লম্ব আঁক।
- (গ) অঙ্কিত ত্রিভুজের ভূমি যে সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের অতিভুজ হয়, ঐ ত্রিভুজটি আঁক।


সমাধান :

(ক)



একই সরলরেখায় অবস্থিত নয় A, B, C এমন তিনটি বিন্দু।
A, B; B, C এবং A, C যোগ করি। ফলে $\triangle ABC$ আঁকা হলো।

- (খ) মনে করি, $\triangle ABC$ এর শীর্ষবিন্দু A, ভূমি BC।
A বিন্দু থেকে ভূমি BC উপর একটি লম্ব আঁকতে হবে।




অঙ্কন :

১. A বিন্দুকে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যেন তা BC কে P ও Q বিন্দুতে ছেদ করে।
২. P ও Q বিন্দুকে কেন্দ্র করে PQ এর সমান বা অর্ধেকের বেশি ব্যাসার্ধ নিয়ে দুইটি বৃত্তচাপ আঁকি। এরা পরস্পরকে R বিন্দুতে ছেদ করে।
৩. A, R যোগ করি।

8. AR, BC কে N বিন্দুতে ছেদ করে। তাহলে, AN ই নির্ণেয় লম্ব।

(গ) a —————




অঙ্কিত $\triangle ABC$ এর ভূমি $BC = a$ । একটি সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজের অতিভুজ a দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :

- যেকোনো রশ্মি BE হতে $BC = a$ কেটে নিই।
- BC এর লম্বদ্বিখণ্ডক PQ আঁকি যেন তা BC কে O বিন্দুতে ছেদ করে।
- O বিন্দুকে কেন্দ্র করে OB বা OC এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি অর্ধবৃত্ত আঁকি যেন এটি PQ কে A বিন্দুতে ছেদ করে।
- A, B এবং A, C যোগ করি।

তাহলে, $\triangle ABC$ -ই নির্ণেয় সমকোণী সমদ্বিবাহু ত্রিভুজ।

প্রশ্ন ১১৪ ৥



(ক) চিত্রের ত্রিভুজটির অতিভুজ কোনটি?

(খ) অতিভুজের পরিমাণ সেন্টিমিটারে নির্ণয় কর এবং $\angle ACB$ এর সমান করে একটি কোণ আঁক।

(গ) একটি সমকোণী ত্রিভুজ আঁক, যার অতিভুজ চিত্রে অঙ্কিত ত্রিভুজের অতিভুজ অপেক্ষা 2 সে.মি. বড় এবং একটি কোণ, $\angle ACB$ এর সমান হয়।


সমাধান :

(ক) চিত্রে, $\triangle ABC$ -এ $AB \perp BC$.


$$\therefore \angle ABC = 90^\circ$$

$\therefore ABC$ ত্রিভুজের অতিভুজ AC।

(খ) স্কেলের সাহায্যে পরিমাপ করে দেখা গেল অতিভুজ $AC = 6$ সে.মি.



$\angle ACB$ এর সমান করে একটি কোণ আঁকতে হবে।



অঙ্কন :

- PQ যেকোনো রশ্মি নেই।
- C বিন্দুকে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা AC এবং BC কে যথাক্রমে E ও F

বিন্দুতে ছেদ করে।


৩. P বিন্দুকে কেন্দ্র করে একই সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা PQ কে L বিন্দুতে ছেদ করে।

৪. এখন, L বিন্দুকে কেন্দ্র করে EF এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যেন এটি পূর্বের বৃত্তচাপকে M বিন্দুতে ছেদ করে।

৫. M, P যোগ করে বর্ধিত করি।

তাহলে, $\angle MPL$ নির্ণেয় কোণ অঙ্কিত হলো।

(গ) একটি সমকোণী ত্রিভুজ আঁকতে হবে যার অতিভুজ $b = 6 + 2 = 8$ সে.মি. এবং একটি কোণ $\angle ACB$ এর সমান হয়।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি BE হতে $BC = b$ কেটে নিই।

২. এখন B ও C বিন্দুতে $\angle ACB$ এর সমান করে যথাক্রমে $\angle CBF$ ও $\angle ECD$ আঁকি।

৩. এখন C বিন্দুতে $\angle DCA = 90^\circ$ আঁকি। CA রেখা BF রেখাকে A বিন্দুতে ছেদ করে।

৪. ফলে $\angle BAC = 90^\circ$ এবং $\triangle ABC$ সমকোণী ত্রিভুজ।

তাহলে, $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ।

প্রমাণ : $\triangle ABC$ এ $\angle BAC = 90^\circ$ (অঙ্কনানুসারে)

এর অতিভুজ $BC = b$ সে.মি.

এবং $\angle ABC = \angle ACB$.

$\therefore \triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ।

প্রশ্ন ১৫ ৥ একটি ত্রিভুজের দুইটি বাহু $a = 3.2$ সে.মি., $b = 4.5$ সে.মি. এবং একটি কোণ $\angle B = 30^\circ$


(ক) $\angle B$ এর সমান একটি কোণ আঁকি।

(খ) একটি ত্রিভুজ আঁক, যার দুই বাহু a ও b এর সমান এবং অন্তর্ভুক্ত $\angle B$ এর সমান হয়।

(গ) এমন একটি ত্রিভুজ আঁক, যার একটি বাহু b এবং $\angle B$ এর বিপরীত বাহু $2a$ হয়।


সমাধান :

(ক)



চাঁদা ব্যবহার করে $\angle B = 30^\circ$ এর সমান একটি $\angle Y$ আঁকা হলো।

(খ) একটি ত্রিভুজের দুইটি বাহু $a = 3.2$ সে. মি. এবং $b = 4.5$ সে. মি. ও তাদের অন্তর্ভুক্ত $\angle B = 30^\circ$ দেওয়া আছে। এমন একটি ত্রিভুজ আঁকতে হবে যার দুটি বাহু a ও b এর সমান এবং অন্তর্ভুক্ত $\angle B$ এর সমান।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি BE হতে $BC = b$ কেটে নিই।
২. B বিন্দুতে $\angle CBD = \angle B$ আঁকি।
৩. BD হতে $BA = a$ কেটে নিই।
৪. A, C যোগ করি।


সুতরাং $\triangle ABC$ -ই হলো নির্ণেয় ত্রিভুজ।

প্রমাণ : $\triangle ABC$ এ $BC = b$, $AB = a$ এবং

অন্তর্ভুক্ত $\angle ABC = \angle B$.

$\therefore \triangle ABC$ ই নির্ণেয় ত্রিভুজ।

গ) একটি ত্রিভুজের একটি বাহু b এবং $\angle B$ কোণের বিপরীত বাহু a দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কন :

১. যেকোনো রশ্মি BE থেকে $BC = b$ কেটে নিই।
২. এখন B বিন্দুতে $\angle CBF = \angle B$ আঁকি।
৩. C বিন্দুকে কেন্দ্র করে $2a$ এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপটি BF কে A বিন্দুতে ছেদ করে।
৪. A, C যোগ করি।

তাহলে $\triangle ABC$ ই নির্ণেয় ত্রিভুজ।

প্রমাণ : $\triangle ABC$ এ $BC = b$, $AC = 2a$ এবং $\angle ABC = \angle B$

$\therefore \triangle ABC$ ই নির্ণেয় ত্রিভুজ।

প্রশ্ন ১১৬ ॥ একটি ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য 4 সে. মি. এবং ঐ বাহু সংলগ্ন কোণ দুইটি 37° ও 46° .

(ক) ত্রিভুজটির অপর কোণের পরিমাণ কত?

(খ) ত্রিভুজটি কী ধরনের এবং কেন?

(গ) ত্রিভুজটি আঁক।

সমাধান :

(ক) ত্রিভুজের দুইটি কোণের পরিমাণ দেওয়া আছে 37° ও 46°

আমরা জানি, ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°

$$\therefore \text{ত্রিভুজের অপর কোণটির পরিমাণ} = 180^\circ - (37^\circ + 46^\circ) \\ = 180^\circ - 83^\circ = 97^\circ$$

(খ) ত্রিভুজটির তিনটি কোণ পরস্পর অসমান। ফলে এর তিনটি বাহুই পরস্পর অসমান। এজন্য এটি একটি বিষমবাহু ত্রিভুজ


আবার, এর একটি কোণ 97° যা এক সমকোণ অপেক্ষা বড়।

সুতরাং এর একটি কোণ স্থূলকোণ। অতএব ত্রিভুজটি স্থূলকোণী।

\therefore ত্রিভুজটি একটি বিষমবাহু স্থূলকোণী ত্রিভুজ।

(গ) একটি ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য $a = 4$ সে.মি. এবং a বাহু সংলগ্ন $\angle P = 37^\circ$ এবং $\angle Q = 46^\circ$ দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :




১. যেকোনো রশ্মি BE হতে $BC = a$ কেটে নিই।
২. B বিন্দুতে $\angle CBF = \angle P$ এবং C বিন্দুতে $\angle BCD = \angle Q$ আঁকি।
৩. BF ও CD পরস্পরকে A বিন্দুতে ছেদ করেছে।

তাহলে $\triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ।


প্রমাণ : $\triangle ABC$ এ $BC = a$, $\angle ABC = \angle P$, $\angle ACB = \angle Q$

$\therefore \triangle ABC$ -ই নির্ণেয় ত্রিভুজ।

প্রশ্ন ১১ চিত্রে, CD, AB এর লম্ব সমদ্বিখণ্ডক, প্রমাণ কর যে,
 $\triangle ADC \cong \triangle BDC$



সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\triangle ABC$ এ CD, AB এর লম্বদ্বিখণ্ডক। প্রমাণ করতে হবে যে, $\triangle ADC \cong \triangle BDC$


প্রমাণ :

ধাপ : যথার্থতা


$\triangle ADC$ এবং $\triangle BDC$ -এ

1. $AD = BD$ [D, AB এর মধ্যবিন্দু]
2. $CD = CD$ [সাধারণ বাহু]
3. অন্তর্ভুক্ত $\angle ADC =$ অন্তর্ভুক্ত $\angle BDC$ [সমকোণ]
 $\therefore \triangle ADC \cong \triangle BDC$ [প্রমাণিত] [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

প্রশ্ন ১২ চিত্রে, $CD = CB$ এবং $\angle DCA = \angle BCA$
প্রমাণ কর যে, $AB = AD$



সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, $CD = CB$ এবং $\angle DCA = \angle BCA$.

প্রমাণ করতে হবে যে, $AB = AD$.


প্রমাণ :

ধাপ : যথার্থতা


$\triangle ADC$ এবং $\triangle ABC$ -এ

1. $CD = CB$ [দেওয়া আছে]
2. $AC = AC$ [সাধারণ বাহু]
3. অন্তর্ভুক্ত $\angle ACD =$ অন্তর্ভুক্ত $\angle ACB$ [দেওয়া আছে]
 $\therefore \triangle ADC \cong \triangle ABC$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
 $\therefore AD = AB$ [প্রমাণিত] [সর্বসম ত্রিভুজের অনুরূপ বাহু]

প্রশ্ন ১৩ চিত্রে, $\angle BAC = \angle ACD$ এবং $AB = DC$ প্রমাণ কর যে, $AD = BC$, $\angle CAD = \angle ACB$ এবং $\angle ADC = \angle ABC$.




সমাধান :



দুইটি রেখাংশ কখন সর্বসম হবে?


দুইটি রেখাংশের দৈর্ঘ্য সমান হলে রেখাংশ দুইটি সর্বসম। আবার বিপরীতভাবে, দুইটি রেখাংশ সর্বসম হলে এদের দৈর্ঘ্য সমান।



চিত্রে দুই জোড়া রেখাংশ আঁকা হয়েছে। উপরিপাতন পদ্ধতিতে AB এর অনুরূপ কপি CD-এর উপর রেখে দেখি যে, AB রেখাংশ CD রেখাংশকে ঢেকে দিয়েছে এবং A ও B বিন্দু যথাক্রমে C ও D বিন্দুর উপর পতিত হয়েছে। সুতরাং রেখাংশ দুইটি সর্বসম। একই কাজ দ্বিতীয় জোড়া সরলরেখার জন্য করে দেখি যে, রেখাংশ দুইটি সর্বসম নয়। লক্ষ করি, কেবল প্রথম জোড়া রেখাংশের দৈর্ঘ্য সমান।


দুইটি কোণ কখন সর্বসম হবে?

দুইটি কোণের পরিমাপ সমান হলে কোণ দুইটি সর্বসম। আবার বিপরীতভাবে, দুইটি কোণ সর্বসম হলে এদের পরিমাপও সমান।



চিত্রে 40° দুইটি কোণ আঁকা হয়েছে। উপরিপাতন পদ্ধতি গ্রহণ করে প্রথম চিত্রের একটি অনুরূপ কপি করে দ্বিতীয়টির উপর রাখি। B বিন্দু Q বিন্দুর উপর এবং BA রশ্মি QP রশ্মির উপর পতিত হয়েছে। লক্ষ করি, কোণ দুইটির পরিমাপ সমান বলে BC রশ্মি QR রশ্মির উপর পতিত হয়েছে। অর্থাৎ $\angle ABC \cong \angle PQR$

ত্রিভুজের সর্বসমতা: একটি ত্রিভুজকে অপর একটি ত্রিভুজের উপর স্থাপন করলে যদি ত্রিভুজ দুইটি সর্বতোভাবে মিলে যায়, তবে ত্রিভুজ দুইটি সর্বসম হয়। সর্বসম ত্রিভুজের অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলো সমান। নিচের চিত্রে $\triangle ABC$ ও $\triangle DEF$ সর্বসম।



এখানে, $AB = DE$, $AC = DF$, $BC = EF$.

$\angle A = \angle D$, $\angle B = \angle E$, $\angle C = \angle F$ হবে।


$\triangle ABC$ ও $\triangle DEF$ সর্বসম বোঝাতে $\triangle ABC \cong \triangle DEF$ লেখা হয়।

বিশেষ নির্বচন : দেওয়া আছে, $\angle BAC = \angle ACD$ এবং $AB = DC$.
 প্রমাণ করতে হবে যে, $AD = BC$, $\angle CAD = \angle ACB$ এবং $\angle ADC = \angle ABC$

প্রমাণ :
 ধাপ : যথার্থতা
 $\triangle ABC$ ও $\triangle ADC$ -এ
 ১. $AB = CD$ [দেওয়া আছে]
 ২. $AC = AC$ [সাধারণ বাহু]
 ৩. অন্তর্ভুক্ত $\angle BAC =$ অন্তর্ভুক্ত $\angle ACD$ [দেওয়া আছে]
 $\therefore \triangle ABC \cong \triangle ADC$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
 $\therefore AD = BC$, $\angle CAD = \angle ACB$
 এবং $\angle ADC = \angle ABC$ [প্রমাণিত]

প্রশ্ন ১৪ ৥ প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহু বাদে অপর বাহু উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ দুইটি পরস্পর সমান।


সমাধান :




বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ এর $AB = AC$, BC কে উভয়দিকে D ও E পর্যন্ত বর্ধিত করা হলো। ফলে বহিঃস্থ $\angle ACD$ ও $\angle ABE$ উৎপন্ন হয়েছে। প্রমাণ করতে হবে যে, $\angle ABE = \angle ACD$.

প্রমাণ :
 ধাপ : যথার্থতা
 ১. $\triangle ABC$ -এ $AB = AC$ [কল্পনা]
 $\therefore \angle ACB = \angle ABC$ [ত্রিভুজের সমান বাহুর বিপরীত কোণ সমান]
 ২. $\angle ABE = 180^\circ - \angle ABC$ [সম্পূরক কোণ]
 বা, $\angle ABC = 180^\circ - \angle ABE$
 এবং $\angle ACD = 180^\circ - \angle ACB$ [সম্পূরক কোণ]
 বা, $\angle ACB = 180^\circ - \angle ACD$
 ৩. $180^\circ - \angle ACD = 180^\circ - \angle ABE$ [$\angle ACB = \angle ABC$]
 বা, $\angle ACD = \angle ABE$
 $\therefore \angle ABE = \angle ACD$. [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ৥ চিত্রে, $AD = AE$,
 $BD = CE$ এবং $\angle AEC = \angle ADB$
 প্রমাণ কর যে, $AB = AC$.



সমাধান :




বিশেষ নির্বচন : দেওয়া আছে, $AD = AE$, $BD = CE$ এবং $\angle AEC = \angle ADB$. প্রমাণ করতে হবে যে, $AB = AC$.

প্রমাণ :
 ধাপ : যথার্থতা
 $\triangle ADB$ ও $\triangle AEC$ -এ
 ১. $AD = AE$, [দেওয়া আছে]
 ২. $BD = CE$ [একই]
 ৩. অন্তর্ভুক্ত $\angle ADB =$ অন্তর্ভুক্ত $\angle AEC$ [একই]


$\therefore \Delta ADB \cong \Delta ABC$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]

$\therefore AB = AC$ [প্রমাণিত]

প্রশ্ন ১৬ চিত্রে, ΔABC এবং ΔDBC দুইটি সমদ্বিবাহু ত্রিভুজ। প্রমাণ কর যে, $\Delta ABD \cong \Delta ACD$



সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ΔABC -এ $AB = AC$ এবং ΔDBC -এ $BD = CD$. প্রমাণ করতে হবে যে, $\Delta ABD \cong \Delta ACD$.

প্রমাণ :

ধাপ : যথার্থতা

ΔABD ও ΔADC -এ

১. $AB = AC$ [দেওয়া আছে]

২. $BD = CD$ [দেওয়া আছে]


৩. $AD = AD$ [সাধারণ বাহু]

$\therefore \Delta ABD \cong \Delta ADC$ [প্রমাণিত] [বাহু-বাহু-বাহু উপপাদ্য]

প্রশ্ন ১৭ প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির প্রান্তবিন্দু থেকে বিপরীত বাহুদ্বয়ের উপর অঙ্কিত মধ্যমা দ্বয় সমান।

সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, ΔABC -এ $AB = AC$, BD এবং CE যথাক্রমে AC ও AB এর উপর মধ্যমা। প্রমাণ করতে হবে যে, $BD = CE$



প্রমাণ :

ধাপ :

ΔABD ও ΔACE এ যথার্থতা

১. $AB = AC$ [কল্পনা]

২. $AD = AE$ [$\frac{1}{2} AC = \frac{1}{2} AB$]

৩. অন্তর্ভুক্ত $\angle DAB =$ অন্তর্ভুক্ত $\angle EAC$ [সাধারণ কোণ]

$\therefore \Delta ABD \cong \Delta ACE$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]


$\therefore BD = CE$ [প্রমাণিত]

প্রশ্ন ১৮ প্রমাণ কর যে, সমবাহু ত্রিভুজের কোণগুলো পরস্পর সমান।

সমাধান :

বিশেষ নির্বচন : মনে করি, ΔABC -এ $AB = BC = AC$.

প্রমাণ করতে হবে যে, $\angle A = \angle B = \angle C$.



প্রমাণ :

ধাপ : যথার্থতা

১. $\triangle ABC$ -এ

$AB = AC$ [কল্পনা]

২. $\angle ACB = \angle ABC$ [ত্রিভুজের সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান]

৩. আবার $\triangle ABC$ এ $AC = BC$

৪. $\angle ABC = \angle BAC$


৫. সুতরাং $\angle ABC = \angle ACB = \angle BAC$ [ধাপ (২) ও (৪) হতে]

$\therefore \angle ABC = \angle BAC = \angle ACB$ [প্রমাণিত]

প্রশ্ন ১১ ΔABC এ $AB = AC$ এবং O , ΔABC এর অভ্যন্তরে এমন একটি বিন্দু যেন $OB = OC$ হয়। প্রমাণ কর যে, $\angle AOB = \angle AOC$.

সমাধান :

বিশেষ নির্বচন : দেওয়া আছে, ΔABC এ $AB = AC$ এবং O , ΔABC এর অভ্যন্তরে এমন একটি বিন্দু যেন $OB = OC$ হয়। প্রমাণ করতে হবে যে, $\angle AOB = \angle AOC$



প্রমাণ :

ধাপ


ΔAOB এবং ΔAOC -এ

১. $AB = AC$ [দেওয়া আছে]
 ২. $OB = OC$ [দেওয়া আছে]
 ৩. এবং $OA = OA$ [সাধারণ বাহু]
- $\therefore \Delta AOB \cong \Delta AOC$ [বাহু-বাহু-বাহু উপপাদ্য]
- $\therefore \angle AOB = \angle AOC$ (প্রমাণিত)

যথার্থতা

প্রশ্ন ১২ ΔABC এর AB ও AC বাহুতে যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন $BD = CE$ এবং $BE = CD$. প্রমাণ কর যে, $\angle ABC = \angle ACB$.

সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ΔABC এর AB ও AC বাহুতে যথাক্রমে D ও E এমন দুইটি বিন্দু যেন $BD = CE$ এবং $BE = CD$. প্রমাণ করতে হবে যে, $\angle ABC = \angle ACB$

প্রমাণ :

ধাপ


যথার্থতা

ΔBDC এবং ΔBEC -এ

১. $BD = CE$, [দেওয়া আছে]
 ২. $CD = BE$ [দেওয়া আছে]
 ৩. এবং $BC = BC$ [সাধারণ বাহু]
- $\therefore \Delta BDC \cong \Delta BEC$ [বাহু-বাহু-বাহু উপপাদ্য]
- $\therefore \angle DBC = \angle ECB$
- $\therefore \angle ABC = \angle ACB$ (প্রমাণিত)

প্রশ্ন ১৩ চিত্রে, $AB = AC$, $BD = DC$ এবং $BE = CF$ । প্রমাণ কর যে, $\angle EDB = \angle FDC$.

সমাধান :




বিশেষ নির্বচন : দেওয়া আছে, $AB = AC$, $BD = DC$ এবং $BE = CF$ । প্রমাণ করতে হবে যে, $\angle EDB = \angle FDC$

প্রমাণ :

- ধাপ যথার্থতা
১. $\triangle ABC$ -এ $AB = AC$ [দেওয়া আছে]
 $\therefore \angle ABC = \angle ACB$ [ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণ দুইটি সমান]
২. $\triangle BED$ এবং $\triangle FDC$ -এ
 $BD = DC$. [দেওয়া আছে]
 $BE = CF$ [দেওয়া আছে]
- এবং অন্তর্ভুক্ত $\angle EBD =$ অন্তর্ভুক্ত $\angle FCD$ [$\because \angle ABC = \angle ACB$]
 $\therefore \triangle BED \cong \triangle FDC$ [বাহু-কোণ-বাহু উপপাদ্য]
 $\therefore \angle EDB = \angle FDC$ (প্রমাণিত)

প্রশ্ন ১৪ ৷ চিত্রে, $AB = AC$ এবং $\angle BAD = \angle CAE$ । প্রমাণ কর যে, $AD = AE$ ।

সমাধান :




বিশেষ নির্বচন : দেওয়া আছে, $AB = AC$ এবং $\angle BAD = \angle CAE$ । প্রমাণ করতে হবে যে, $AD = AE$

- প্রমাণ :
- ধাপ যথার্থতা
১. $\triangle ABC$ এ $AB = AC$ [দেওয়া আছে]
 $\therefore \angle ABC = \angle ACB$ [ত্রিভুজের সমান বাহুদ্বয়ের বিপরীত কোণদ্বয় সমান]
বা, $180^\circ - \angle ABC = 180^\circ - \angle ACB$
 $\therefore \angle ABD = \angle ACE$
২. $\triangle ABD$ ও $\triangle ACE$ এ
 $AB = AC$ [দেওয়া আছে]
 $\angle BAD = \angle CAE$ [দেওয়া আছে]
এবং $\angle ABD = \angle ACE$
 $\therefore \triangle ABD \cong \triangle ACE$ [কোণ-বাহু -কোণ- উপপাদ্য]
 $\therefore AD = AE$ (প্রমাণিত)

প্রশ্ন ১৫ ৷ $ABCD$ চতুর্ভুজে AC , $\angle BAD$ এবং $\angle BCD$ এর সমদ্বিখণ্ডক। প্রমাণ কর যে, $\angle B = \angle D$ ।


সমাধান :

বিশেষ নির্বচন : $ABCD$ চতুর্ভুজে AC , $\angle BAD$ এবং $\angle BCD$ এর সমদ্বিখণ্ডক। প্রমাণ করতে হবে যে, $\angle B = \angle D$




- প্রমাণ :
- ধাপ যথার্থতা
- $\triangle ABC$ ও $\triangle ACD$ -এ
১. $\angle BAC = \angle DAC$, [AC , $\angle BAD$ এবং $\angle BCD$ এর সমদ্বিখণ্ডক]
২. $\angle ACB = \angle ACD$
৩. $AC = AC$. [সাধারণ বাহু]
 $\therefore \triangle ABC \cong \triangle ADC$ [কোণ- বাহু - কোণ- উপপাদ্য]
 $\therefore \angle B = \angle D$ (প্রমাণিত)

প্রশ্ন ১৬ ৷ চিত্রে, AB এবং CD পরস্পর সমান ও সমান্তরাল এবং AC ও BD কর্ণ দুইটি O বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ কর যে, $AD = BC$ ।



সমাধান :



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ABCD চতুর্ভুজের AB এবং CD পরস্পর সমান ও সমান্তরাল এবং AC ও BD কর্ণ দুইটি O বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে, $AD = BC$.

প্রমাণ :

ধাপ

যথার্থতা

$\triangle ABC$ ও $\triangle ADC$ -এ


1. $AB = CD$ [দেওয়া আছে]
2. $AC = AC$ [সাধারণ বাহু]
3. এবং অন্তর্ভুক্ত $\angle BAC =$ অন্তর্ভুক্ত $\angle ACD$. [একান্তর কোণ]
[$AD \parallel CB$, AC ছেদক]

$\therefore \triangle ADC \cong \triangle ABC$

$\therefore AD = BC$ (প্রমাণিত)

প্রশ্ন ১৭ ১১ প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমির প্রান্তবিন্দুদ্বয় থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বদ্বয় পরস্পর সমান।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ -এ ভূমি BC এবং $AB = AC$. $BE \perp AC$ এবং $CF \perp AB$. প্রমাণ করতে হবে যে, $BE = CF$.

প্রমাণ :

ধাপ


যথার্থতা

$\triangle ABE$ এবং $\triangle ACF$ -এ

1. $AB = AC$ [দেওয়া আছে]
2. $\angle BAE = \angle CAF$. [সাধারণ কোণ]
3. এবং $\angle AEB = \angle AFC$. [সমকোণ]
 $\therefore \triangle ABE \cong \triangle ACF$ [কোণ-কোণ-বাহু উপপাদ্য]
 $\therefore BE = CF$ (প্রমাণিত)

প্রশ্ন ১৮ ১১ প্রমাণ কর যে, কোনো ত্রিভুজের ভূমির প্রান্ত বিন্দুদ্বয় থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বদ্বয় যদি সমান হয়, তবে ত্রিভুজটি সমদ্বিবাহু।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, $\triangle ABC$ -এ ভূমি BC. $BE \perp AC$ এবং $CF \perp AB$. এবং $BE = CF$. প্রমাণ করতে হবে যে, $AB = AC$

প্রমাণ :

ধাপ

যথার্থতা


$\triangle ABE$ এবং $\triangle ACF$ -এ

1. $\angle AEB = \angle AFC$ [সমকোণ]
2. $\angle BAE = \angle CAF$ [সাধারণ কোণ]
3. এবং $BE = CF$ [দেওয়া আছে]
 $\therefore \triangle AEB \cong \triangle AFC$ [কোণ-বাহু-কোণ-উপপাদ্য]

$\therefore AB = AC$ [প্রমাণিত]

প্রশ্ন ১৯। $ABCD$ চতুর্ভুজের $AB = AD$ এবং $\angle B = \angle D =$ এক সমকোণ। প্রমাণ কর যে, $\triangle ABC \cong \triangle ADC$.

সমাধান :




বিশেষ নির্বচন : দেওয়া আছে, $ABCD$ চতুর্ভুজের $AB = AD$ এবং $\angle B = \angle D =$ এক সমকোণ। প্রমাণ করতে হবে যে, $\triangle ABC \cong \triangle ADC$.


প্রমাণ :

- | ধাপ | যথার্থতা |
|---|-----------------------|
| ১. $\angle B = \angle D =$ এক সমকোণ | [কল্পনা] |
| \therefore সমকোণী $\triangle ABC$ ও সমকোণী $\triangle ADC$ -এ | |
| ২. অতিভুজ $AC =$ অতিভুজ AC | [সাধারণ বাহু] |
| ৩. এবং $AB = AD$. | [দেওয়া আছে] |
| $\therefore \triangle ABC \cong \triangle ADC$. [প্রমাণিত] | [অতিভুজ-বাহু উপপাদ্য] |

প্রশ্ন ১১ নিচের প্রতিটি চিত্রে ত্রিভুজ দুইটির সদৃশতার কারণ বর্ণনা কর।



সমাধান :



প্রথম চিত্রে, $\triangle ABE$ এবং $\triangle ACD$ সদৃশ কারণ

$\angle ABE =$ অনুরূপ $\angle ACD$ [$\because BE \parallel CD$ এবং AC এদের ছেদক]

$\angle AEB =$ অনুরূপ $\angle ADC$ [$\because BE \parallel CD$ এবং AD এদের ছেদক]

এবং $\angle BAE = \angle CAD$ [সাধারণ কোণ]

ত্রিভুজ দুইটির অনুরূপ তিনটি কোণ পরস্পর সমান হওয়ায় এরা পরস্পর সদৃশ।

দ্বিতীয় চিত্রে, $\triangle PLM$ এবং $\triangle PQN$ সদৃশ কারণ

$\angle PML = \angle PQN$ [প্রদত্ত]

$\angle MPL = \angle NPQ$ [সাধারণ কোণ]

ত্রিভুজ দুইটির অনুরূপ দুইটি কোণ সমান হওয়ায় এরা সদৃশ।

তৃতীয় চিত্রে, $\triangle WXY$ এবং $\triangle VYZ$ সদৃশ কারণ

$\angle WYX =$ বিপ্রতীপ $\angle ZYV$

$$\frac{WY}{YZ} = \frac{6}{9} = \frac{2}{3}; \frac{XY}{YZ} = \frac{4}{6} = \frac{2}{3} \therefore \frac{WY}{YZ} = \frac{XY}{YZ} = \frac{2}{3}$$

এদের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমানুপাতিক এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান হওয়ায় এরা সদৃশ।

চতুর্থ চিত্রে, $\triangle KGH$ এবং $\triangle JIG$ সদৃশ কারণ

$\angle GKH = \angle GIT$ [সমকোণ]

এবং $\angle KGH = \angle JGI$ [সাধারণ কোণ]

এদের একটির দুই কোণ অপরটির দুই কোণের সমান হওয়ায় এরা সদৃশ।

পঞ্চম চিত্রে, $AC = AE + CE = 7 + 3 = 10$

$$\therefore \frac{AC}{ED} = \frac{10}{5} = 2, \frac{BC}{CE} = \frac{6}{3} = 2, \angle ABC = \angle ECD \text{ [এক সমকোণ]}$$

$\therefore AC$ ও ED দুইটি অতিভুজ।

\therefore সমকোণী $\triangle ABC$ ও সমকোণী $\triangle ECD$ সদৃশ কারণ এদের অতিভুজ ও একটি বাহু অপরটির অতিভুজ ও অনুরূপ বাহুর সমানুপাতিক।

দুইটি ত্রিভুজ বা বহুভুজ সদৃশ হলে

Π অনুরূপ কোণগুলো সমান।


Π অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।

সদৃশ ত্রিভুজ: দুইটি সদৃশ ত্রিভুজের অনুরূপ কোণগুলো সমান এবং অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।

ত্রিভুজের সদৃশতার শর্ত :


শর্ত ১। (বাহু-বাহু-বাহু)

যদি একটি ত্রিভুজের তিন বাহু অপর একটি ত্রিভুজের তিন বাহুর সমানুপাতিক হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।




শর্ত ২। (বাহু-কোণ-বাহু)

যদি দুইটি ত্রিভুজের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমানুপাতিক হয় এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।




শর্ত ৩। (কোণ-কোণ)

যদি দুইটি ত্রিভুজের একটির দুইটি কোণ অপরটির দুইটি কোণের সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।



শর্ত ৪। (অতিভুজ-বাহু)

যদি দুইটি সমকোণী ত্রিভুজের একটির অতিভুজ ও একটি বাহু যথাক্রমে অপরটির অতিভুজ ও অনুরূপ বাহুর সমানুপাতিক হয়, তবে ত্রিভুজ দুইটি সদৃশ।



সদৃশ চতুর্ভুজ :

দুইটি চতুর্ভুজের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক হলে চতুর্ভুজ দুইটি সদৃশ।

লক্ষণীয় যে, দুইটি সদৃশ চতুর্ভুজের

(ক) অনুরূপ কোণগুলো সমান এবং

(খ) অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।

ষষ্ঠ চিত্রে, $\frac{ZY}{YW} = \frac{10}{5} = 2$, $\frac{VY}{XY} = \frac{26}{13} = 2$

এবং অন্তর্ভুক্ত $\angle ZYV = \text{অন্তর্ভুক্ত } \angle XYW$. [বিপ্রতীপ কোণ]


$\therefore \Delta VYZ$ এবং ΔWXY সদৃশ কারণ এদের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমানুপাতিক এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান।

আবার, $\angle VZY = \angle YWX$ [সমকোণ]


এবং $\angle ZYV = \angle XYW$ [বিপ্রতীপ কোণ]

$\therefore \Delta VYZ$ এবং ΔWXY সদৃশ কারণ এদের একটির দুইটি কোণ যথাক্রমে অপরটির দুইটি কোণের সমান।

প্রশ্ন ২ প্রমাণ কর যে, নিচের প্রতিটি চিত্রের ত্রিভুজ দুইটি সদৃশ।



সমাধান :



(a) বিশেষ নির্বচন : চিত্রের ΔABC এবং ΔDCE এ $AB \parallel DE$. প্রমাণ করতে হবে যে, ΔABC এবং ΔDCE সদৃশ।

প্রমাণ:

ধাপ

যথার্থতা

১. $AB \parallel DE$ এবং BD তাদের ছেদক।

[দেওয়া আছে]

$\therefore \angle ABC = \text{একান্তর } \angle CDE$

[একান্তর কোণ]

২. ΔABC ও ΔDCE এ

$\angle ABC = \angle CDE$

[একান্তর কোণ]

৩. এবং $\angle ACB = \text{বিপ্রতীপ } \angle DCE$

\therefore ত্রিভুজদ্বয় সদৃশ। (প্রমাণিত)

[কোণ-কোণ শর্ত]

(b) বিশেষ নির্বচন : চিত্রের ΔWTX এবং ΔPTL এ $\angle TWX = \angle TPL = 90^\circ$ প্রমাণ করতে হবে যে, ΔWTX এবং ΔPTL সদৃশ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. ΔWTX ও ΔPTL এ

$\angle TWX = \angle TPL$


[সমকোণ]

২. এবং $\angle WTX = \angle PTL$

[সাধারণ]


$\therefore \Delta WTX$ ও ΔPTL সদৃশ। [প্রমাণিত] [কোণ-কোণ শর্ত]

প্রশ্ন ৩ দেখাও যে, ΔPTN এবং ΔRWT সদৃশ।



সমাধান :

বিশেষ নির্বচন : দেওয়া আছে, চিত্রের ΔPTN এবং ΔRWT এ $PT = 4$, $PN = 3$, $TN = 5$ এবং $WR = 12$, $TR = 9$ এবং $TW = 10 + 5 = 15$. প্রমাণ করতে হবে যে, ΔPTN এবং ΔRWT সদৃশ।



প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. ΔRWT ও ΔPTN এ


$$\frac{TR}{PN} = \frac{9}{3} = 3, \frac{WR}{PT} = \frac{12}{4} = 3 \quad [\text{দেওয়া আছে}]$$

$$\text{এবং } \frac{WT}{TN} = \frac{15}{5} = 3$$


২. $\therefore \frac{TR}{PN} = \frac{WR}{PT} = \frac{WT}{TN}$

\therefore ত্রিভুজদ্বয় সদৃশ। [প্রমাণিত] [বাহু-বাহু-বাহু শর্ত]

প্রশ্ন ১৪ ৥ DY রেখাংশ $\angle CDW$ কোণটির দ্বিখণ্ডক।
দেখাও যে, ΔCDY ও ΔYDW সদৃশ।



সমাধান :



বিশেষ নির্বচন : চিত্রানুসারে, DY , $\angle CDW$ কোণটির সমদ্বিখণ্ডক। $CD = 6.75$, $DY = 9$ এবং $DW = 12$. দেখাতে হবে যে, ΔCDY ও ΔYDW সদৃশ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\frac{CD}{DY} = \frac{6.75}{9} = 0.75$ [দেওয়া আছে]

$$\frac{DY}{DW} = \frac{9}{12} = 0.75 \quad [\text{দেওয়া আছে}]$$

২. ΔCDY ও ΔYDW এ


$$\frac{CD}{DY} = \frac{DY}{DW} \quad [\text{ধাপ-১ অনুসারে}]$$

৩. এবং অন্তর্ভুক্ত $\angle CDY =$ অন্তর্ভুক্ত $\angle WDY$.

[DY , $\angle CDW$ এর দ্বিখণ্ডক]

$\therefore \Delta CDY$ এবং ΔYDW সদৃশ। [বাহু-কোণ-বাহু শর্ত] [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ৥ নিচের প্রতিটি সদৃশ ত্রিভুজ জোড়া থেকে y এর মান বের কর।



সমাধান :


(a) ΔABC ও ΔDEF সদৃশ।

$$\therefore \frac{AB}{DE} = \frac{AC}{DF}$$

$$\therefore \frac{y}{20} = \frac{6}{12}$$

$$\text{বা, } y = \frac{6}{12} \times 20$$

$$\text{বা, } y = 10$$



(b) $\triangle XYZ$ ও $\triangle PQR$ সদৃশ।


\therefore এদের অনুরূপ বাহুগুলো সমানুপাতিক।

$$\therefore \frac{PR}{XY} = \frac{QR}{YZ}$$


$$\text{বা, } \frac{y}{7.5} = \frac{10}{6}$$

$$\text{বা, } y = \frac{10}{6} \times 7.5 = 12.5$$


$$\therefore y = 12.5$$



প্রশ্ন ১৬ প্রমাণ কর যে, চিত্রের ত্রিভুজ তিনটি সদৃশ।



সমাধান :



বিশেষ নির্বচন : চিত্রে $\triangle DGF$ এ $DG = 3\text{cm}$, $GF = 4\text{cm}$ এবং $DF = 5\text{cm}$. $DF \perp GE$. $\angle DGF = 90^\circ$. প্রমাণ করতে হবে যে, $\triangle DGF$, $\triangle DEG$ এবং $\triangle GEF$ পরস্পর সদৃশ।

প্রমাণ :

ধাপ

যথার্থতা

১. $\triangle DGF$ ও $\triangle DEG$ এ

$$\angle DGF = \angle DEG$$

[সমকোণ]

২. এবং $\angle GDF = \angle GDE$

[সাধারণ কোণ]

\therefore ত্রিভুজদ্বয় সদৃশ।

৩. $\triangle GEF$ এবং $\triangle DGF$ এ $\angle GEF = \angle DGF$ [সমকোণ]


এবং $\angle GFE = \angle DFG$ [সাধারণ কোণ]

\therefore ত্রিভুজদ্বয় সদৃশ।


৪. $\therefore \triangle DGE$ এবং $\triangle GEF$ সদৃশ [প্রত্যেকেই $\triangle DGF$ এর সদৃশ]

\therefore ত্রিভুজ তিনটি পরস্পর সদৃশ।

প্রশ্ন ১৭ চতুর্ভুজ দুইটির অনুরূপ কোণ ও অনুরূপ বাহুগুলো চিহ্নিত কর। চতুর্ভুজ দুইটি সদৃশ কি-না যাচাই কর।



সমাধান :



চিত্রের চতুর্ভুজ $PTXA$ ও চতুর্ভুজ $BKGF$ এ

চাঁদার সাহায্যে পরিমাপ করে পাই,

$$\angle P = \angle B = 75^\circ, \angle A = \angle F = 75^\circ, \angle X = \angle G = 105^\circ$$

এবং $\angle T = \angle K = 105^\circ$ এবং রুলারের সাহায্যে পরিমাপ করে পাই, $TX = 10\text{cm}$, $KG = 5\text{cm}$;
 $PT = 8\text{cm}$, $BK = 4\text{cm}$; $PA = 14\text{cm}$, $BF = 7\text{cm}$; $AX = 12\text{cm}$, $FG = 6\text{cm}$. চতুর্ভুজদ্বয়ের
 TX এর অনুরূপ বাহু KG , PT এর অনুরূপ বাহু BK , PA এর অনুরূপ বাহু BF এবং AX এর অনুরূপ
বাহু FG ।

$$\text{এখন, } \frac{TX}{KG} = \frac{10}{5} = 2, \frac{PT}{BK} = \frac{8}{4} = 2$$


$$\frac{PA}{BF} = \frac{14}{7} = 2, \frac{AX}{FG} = \frac{12}{6} = 2$$

$$\therefore \frac{TX}{KG} = \frac{PT}{BK} = \frac{PA}{BF} = \frac{AX}{FG} = 2$$


অর্থাৎ অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান।

সুতরাং চতুর্ভুজ দুইটি সদৃশ।

**প্রশ্ন ১৮ ৥ 1 মিটার দৈর্ঘ্যের একটি লাঠি মাটিতে দণ্ডায়মান অবস্থায় 0.4 মিটার ছায়া ফেলে। একই সময়ে
একটি খাড়া গাছের ছায়ার দৈর্ঘ্য 7 মিটার হলে গাছটির উচ্চতা কত?**



সমাধান :



মনে করি, গাছটির উচ্চতা $DF = h$ মি.

লাঠির প্রান্ত বিন্দু ও ছায়ার প্রান্ত বিন্দু যোগ করি। গাছের প্রান্ত বিন্দু ও এর ছায়ার প্রান্ত বিন্দু যোগ করি। ফলে
 $\triangle ABC$ ও $\triangle DEF$ দুইটি সদৃশ ত্রিভুজ উৎপন্ন হলো।

কারণ $\angle ABC = \angle DEF$ এবং $\angle BAC = \angle EDF$

$$\therefore \frac{DF}{AC} = \frac{EF}{BC}$$

$$\text{বা, } \frac{h}{1} = \frac{7}{0.4}$$


$$\text{বা, } 0.4h = 7$$

$$\text{বা, } h = \frac{7}{0.4}$$


$$\therefore h = 17.5$$

গাছটির উচ্চতা = 17.5 মি. (Ans.)

প্রশ্ন ১৯ ৥ শিহাব নদী পার না হয়ে নদীর প্রস্থ মাপতে চায়। এ জন্য সে ঠিক অপর পাড়ে একটি গাছ বেছে নিয়ে নদীর পাড়ে চিত্রের ন্যায় কিছু মাপজোক করল। নদীর প্রস্থ নির্ণয় কর।



সমাধান :



মনে করি, P বিন্দুতে গাছটি অবস্থিত। শিহাব S বিন্দু হতে নদীর পাড় বরাবর 15 মিটার গিয়ে M বিন্দুতে একটি খুঁটি পুতে MN বরাবর যায় যেন P, M, N একই রেখায় থাকে। এখন, N বিন্দু হতে নদীর পাড়ে NO লম্ব বরাবর আসে। এখন সে মেপে দেখে $OM = 5$ মিটার এবং $ON = 9.5$ মিটার।

এখন, $\Delta PSM = \Delta MON$ সদৃশ।

কারণ $\angle PSM = \angle MON = 90^\circ$

এবং $\angle PMS =$ বিপ্রতীপ $\angle OMN$

$$\therefore \frac{PS}{ON} = \frac{SM}{MO}$$

$$\text{বা, } \frac{PS}{9.5} = \frac{15}{5} = 3$$

$$\text{বা, } PS = 3 \times 9.5 = 28.5$$

নদীটির প্রস্থ = 28.5 মিটার। (Ans.)

প্রশ্ন ১ ৥ উপাত্ত বলতে কী বোঝায় তা উদাহরণের মাধ্যমে লিখ।

সমাধান : উপাত্ত : সংখ্যার মাধ্যমে প্রকাশিত কোনো তথ্য বা ঘটনা হলো উপাত্ত। যেমন : ৭ম শ্রেণির ৫ জন ছাত্রের গণিতের প্রাপ্ত নম্বর হলো- ৯০, ৮৫, ৬৫, ৯৫, ৮০ এ তথ্যটি উপাত্ত, কারণ এদের সংখ্যায় গণনা করা যায়। আবার, আজাদ অঙ্কে ভালো কিন্তু নিজাম অঙ্কে দুর্বল। এক্ষেত্রে এ তথ্যটিকে সংখ্যায় গণনা করা যায় না। এ জন্য এটি উপাত্ত নয়। নামবাচক তথ্য ও গুণবাচক তথ্য যেমন : ধর্ম, বর্ণ, ভালো, মন্দ ইত্যাদি পরিসংখ্যানের উপাত্ত নয়।

প্রশ্ন ২ ৥ উপাত্ত কত প্রকারের? প্রত্যেক প্রকারের উপাত্ত কীভাবে সংগ্রহ করা হয় এবং প্রত্যেক প্রকার উপাত্ত সংগ্রহের সুবিধা ও অসুবিধা লিখ।

সমাধান : উপাত্ত দুই প্রকারের। যথা :

- ১। প্রাথমিক উপাত্ত বা প্রত্যক্ষ উপাত্ত ও
- ২। মাধ্যমিক উপাত্ত বা পরোক্ষ উপাত্ত।

১. প্রাথমিক উপাত্ত যেভাবে সংগ্রহ করা হয় : প্রাথমিক তথ্যসমূহ অনুসন্ধানকারী ব্যক্তি বা সংস্থা কর্তৃক সরাসরি সংগৃহীত হয়। সুবিধা : (i) সংগৃহীত উপাত্ত অনেক বেশি সঠিক ও নির্ভরযোগ্য। (ii) তথ্যের গোপনীয়তা রক্ষা করা যায়।

অসুবিধা : (i) তথ্য সংগ্রহ সময়সাপেক্ষ : (ii) অনেক ব্যয়বহুল ও ঝুঁকিপূর্ণ।

২. মাধ্যমিক উপাত্ত যেভাবে সংগ্রহ করা হয় : মাধ্যমিক উপাত্ত সরাসরি উৎস থেকে সংগ্রহ না করে কোনো প্রকাশিত রিপোর্ট, প্রতিবেদন, পত্রিকা বা সরকারি দলিল পত্র বা অন্য কারো সংগৃহীত উপাত্ত থেকে সংগ্রহ করা হয়।

সুবিধা : (i) স্বল্প সময়ে উপাত্ত সংগ্রহ করা সম্ভব। (ii) ব্যয়বহুল ও ঝুঁকিপূর্ণ নয়।

অসুবিধা : (i) সরাসরি উৎস থেকে সংগৃহীত হয় না বলে এটির গ্রহণযোগ্যতা কম। (ii) কখনো কখনো সঠিক ফলাফল পাওয়া যায় না।

প্রশ্ন ৩ ৥ অবিন্যস্ত উপাত্ত কী? উদাহরণ দাও।

সমাধান :

অবিন্যস্ত উপাত্ত : পরিসংখ্যানে কোনো উপাত্তগুলো যদি এলোমেলোভাবে থাকে অর্থাৎ সংখ্যাগত মানের ক্রম অনুসারে সাজানো না থাকে তবে এদেরকে অবিন্যস্ত উপাত্ত বলে।

উদাহরণ : ৭ম শ্রেণি ১০ জন শিক্ষার্থীর উচ্চতা ১২৫ সে. মি., ১৪০ সে. মি., ১২৮ সে.মি., ১৩৫ সে.মি., ১৪৮ সে.মি., ১৪২ সে.মি., ১২০ সে.মি., ১৩০ সে.মি., ১৪৫ সে.মি. ও ১৩৮ সে.মি.। উচ্চতাগুলো মানের কোনো ক্রমে সাজানো নেই।

প্রশ্ন ৪ ৥ একটি অবিন্যস্ত উপাত্ত লিখ। মানের ক্রমানুসারে সাজিয়ে বিন্যস্ত উপাত্তে রূপান্তর কর।

সমাধান : একটি বিদ্যালয়ের ১ম সাময়িক পরীক্ষায় ৭ম শ্রেণির ১০ জন শিক্ষার্থীর গণিতের নম্বর নিম্নরূপ : ৫৭, ৪৬, ৬৭, ৫০, ৬৪, ৯০, ৭৩, ৭৫, ৮০, ৮৫। এটি অবিন্যস্ত উপাত্ত।

উপাত্তটিকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,
৪৬, ৫০, ৫৭, ৬৪, ৬৭, ৭৩, ৭৫, ৮০, ৮৫, ৯০।
যা একটি বিন্যস্ত উপাত্ত।

প্রশ্ন ৫ ৥ কোনো শ্রেণির ৬০ জন শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর নিচে দেওয়া হলো। গণসংখ্যা সারণি তৈরি কর।

৫০, ৮৪, ৭৩, ৫৬, ৯৭, ৯০, ৮২, ৮৩, ৪১, ৯২, ৪২, ৫৫, ৬২, ৬৩, ৯৬, ৪১, ৭১, ৭৭, ৭৮, ২২, ৪৮, ৪৬, ৩৩, ৪৪, ৬১, ৬৬, ৬২, ৬৩, ৬৪, ৫৩, ৬০, ৫০, ৭২, ৬৭, ৯৯, ৮৩, ৮৫, ৬৮, ৬৯, ৪৫, ২২, ২২, ২৭, ৩১, ৬৭, ৬৫, ৬৪, ৬৪, ৮৮, ৬৩, ৪৭, ৫৮, ৫৯, ৬০, ৭২, ৭১, ৭৩, ৪৯, ৭৫, ৬৪।

সমাধান : এখানে সর্বনিম্ন নম্বর ২২ ও সর্বোচ্চ নম্বর ৯৯।

∴ পরিসর = (৯৯ - ২২) + ১ = ৭৮

ধরি, শ্রেণিব্যাপ্তি = ১০

শ্রেণি সংখ্যা = $\frac{৭৮}{১০} = ৭.৮$

❖ **পরিসংখ্যান উপাত্ত:** সংখ্যাভিত্তিক কোনো তথ্য বা ঘটনা হচ্ছে একটি পরিসংখ্যান। আর তথ্য বা ঘটনা নির্দেশক সংখ্যাগুলো হচ্ছে পরিসংখ্যানের উপাত্ত।

পরিসংখ্যান উপাত্ত দুই ধরনের। যথা :

১. প্রাথমিক উপাত্ত বা প্রত্যক্ষ উপাত্ত ও
২. মাধ্যমিক উপাত্ত বা পরোক্ষ উপাত্ত।

১. প্রাথমিক উপাত্ত : উৎস থেকে সরাসরি যে উপাত্ত সংগৃহীত হয় তাই হলো প্রাথমিক উপাত্ত। সরাসরি সংগৃহীত বিধায় প্রাথমিক উপাত্তের নির্ভরযোগ্যতা অনেক বেশি।

২. মাধ্যমিক উপাত্ত : পরোক্ষ উৎস থেকে সংগৃহীত উপাত্ত হচ্ছে মাধ্যমিক উপাত্ত। এক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের সংগৃহীত উপাত্ত আমরা আমাদের প্রয়োজনে ব্যবহার করতে পারি। সুতরাং এখানে উৎস হচ্ছে পরোক্ষ।

❖ **অবিন্যস্ত ও বিন্যস্ত উপাত্ত**

অবিন্যস্ত উপাত্ত: এলোমেলোভাবে সাজানো উপাত্তকে অবিন্যস্ত উপাত্ত বলে।

বিন্যস্ত উপাত্ত : মানের ক্রম অনুসারে সাজানো উপাত্তসমূহকে বিন্যস্ত উপাত্ত বলে। নিচে বর্ণিত উপাত্তগুলো মানের উর্ধ্বক্রমে অনুসারে সাজানো, ৫০, ৫৫, ৬০, ৬০, ৬০, ৬০, ৬৫, ৬৫, ৬৫, ৭০, ৭০, ৭০, ৭৫, ৭৫, ৭৫, ৭৫, ৮০, ৮০, ৮৫, ৮৫, ৮৫, ৮৫, ৯০, ৯০, ৯০, ৯০, ৯৫, ৯৫, ৯৫, ৯৫, ৯৮, ৯৮, ১০০।

❖ **অবিন্যস্ত উপাত্তকে বিন্যস্ত করার সহজ নিয়ম:**

উপরে বর্ণিত প্রাপ্ত সর্বনিম্ন নম্বর ৫০ এবং সর্বোচ্চ নম্বর ১০০। এখন শ্রেণিবিন্যাস করার জন্য ৫০ এর কম সুবিধাজনক যেকোনো একটি সংখ্যা ধরা যায়। সুতরাং আমরা যদি ৪৬ থেকে শুরু করে প্রতি ৫ নম্বরের ব্যবধানের জন্য একটি শ্রেণি গঠন করি তাহলে কয়টি শ্রেণি হবে তা নির্ধারণ করতে পারি।

উল্লেখ্য, উপাত্তের সংখ্যার ওপর ভিত্তি করে সুবিধাজনক ব্যবধান নিয়ে কতকগুলো শ্রেণিতে ভাগ করা হয়। শ্রেণিতে ভাগ করার নির্ধারিত কোনো নিয়ম নেই। তবে সচরাচর প্রত্যেক শ্রেণির ব্যবধান সর্বনিম্ন ৫ ও সর্বোচ্চ ১৫ এর মধ্যে সীমাবদ্ধ রাখা হয়। সংখ্যা শ্রেণি নির্ধারণের জন্য উপাত্তের পরিসর নির্ণয় করতে হয়।

পরিসর = (বৃহত্তম সংখ্যা - ক্ষুদ্রতম সংখ্যা) + ১

উপাত্তের শ্রেণিসংখ্যা = $\frac{(বৃহত্তম সংখ্যা - ক্ষুদ্রতম সংখ্যা) + ১}{শ্রেণিব্যাপ্তি}$

= $\frac{(১০০ - ৫০) + ১}{১০}$

∴ শ্রেণি সংখ্যা হবে ৮।

∴ ২০ থেকে শুরু করে ১০ শ্রেণিব্যাপ্তি ধরে গণসংখ্যা সারণি তৈরি করা হলো।

নম্বরের শ্রেণি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
২০-২৯		৪
৩০-৩৯		২
৪০-৪৯		৯
৫০-৫৯		৭
৬০-৬৯		১৮
৭০-৭৯		৯
৮০-৮৯		৬
৯০-৯৯		৫
		মোট = ৬০

প্রশ্ন ৯ ৬ ৯ নিচে ৫০টি দোকানের মাসিক বিক্রয়ের পরিমাণ (হাজার টাকায়) দেওয়া হলো। ৫ শ্রেণিব্যাপ্তি ধরে গণসংখ্যা সারণি তৈরি কর।

১৩২, ১৪০, ১৩০, ১৪০, ১৫০, ১৩৩, ১৪৯, ১৪১, ১৩৮, ১৬২, ১৫৮, ১৬২, ১৪০, ১৫০, ১৪৪, ১৩৬, ১৪৭, ১৪৬, ১৫০, ১৪৩, ১৪৮, ১৫০, ১৬০, ১৪০, ১৪৬, ১৫৯, ১৪৩, ১৪৫, ১৫২, ১৫৭, ১৫৯, ১৩২, ১৬১, ১৪৮, ১৪৬, ১৪২, ১৫৭, ১৫০, ১৭৮, ১৪১, ১৪৯, ১৫১, ১৪৬, ১৪৭, ১৪৪, ১৫৩, ১৩৭, ১৫৪, ১৫২, ১৪৮।

সমাধান : বিক্রয়ের সর্বোচ্চ সীমা ১৭৮ ও সর্বনিম্ন সীমা ১৩০।

∴ পরিসর = (১৭৮ - ১৩০) + ১ = ৪৯

শ্রেণিব্যাপ্তি = ৫

শ্রেণিসংখ্যা = $\frac{৪৯}{৫} = ৯.৮$

∴ শ্রেণিসংখ্যা হবে ১০।

∴ ১৩০ থেকে শুরু করে ৫ শ্রেণিব্যাপ্তি ধরে গণসংখ্যা সারণি তৈরি করা হলো।

বিক্রয়ের শ্রেণি	ট্যালি চিহ্ন	গণসংখ্যা
১৩০-১৩৪		৪
১৩৫-১৩৯		৩
১৪০-১৪৪		১১
১৪৫-১৪৯		১২
১৫০-১৫৪		১০
১৫৫-১৫৯		৫
১৬০-১৬৪		৪
১৬৫-১৬৯		০
১৭০-১৭৪		০
১৭৫-১৭৯		১
		মোট = ৫০

প্রশ্ন ৯ ৭ ৯ তোমাদের বিদ্যালয়ের ৮ম শ্রেণির ৩০ জন ছাত্রের ওজন (কেজিতে) নিচে দেওয়া হলো :

৪০, ৫৫, ৪২, ৪২, ৪৫, ৫০, ৫০, ৫৬, ৫০, ৪৫, ৪২, ৪০, ৪৩, ৪৭, ৪৩, ৫০, ৪৬, ৪৫, ৪২, ৪৩, ৪৪, ৫২, ৪৪, ৪৫, ৪০, ৪৫, ৪০, ৪৪, ৫০, ৪০।

ক) মানের ক্রমানুসারে সাজাও।

খ) উপাত্তের গণসংখ্যা সারণি তৈরি কর।

সমাধান : (ক) ওজনগুলো মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

৪০, ৪০, ৪০, ৪০, ৪০, ৪২, ৪২, ৪২, ৪২, ৪৩, ৪৩, ৪৩, ৪৪, ৪৪, ৪৪, ৪৫, ৪৫, ৪৫, ৪৫, ৪৫, ৪৬, ৪৭, ৫০, ৫০, ৫০, ৫০, ৫০, ৫০, ৫২, ৫৫, ৫৬।

গণসংখ্যা আয়তলেখ

কোনো পরিসংখ্যান যখন লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হয় তখন তা বোঝা ও সিদ্ধান্ত নেয়ার জন্য যেমন সহজ হয় তেমনি চিত্তাকর্ষক হয়। এই প্রেক্ষাপটে পরিসংখ্যানে লেখচিত্রের মাধ্যমে গণসংখ্যা সারণি উপস্থাপন বহুল প্রচলিত পদ্ধতি। আর আয়তলেখ বা গণসংখ্যা আয়তলেখ হচ্ছে গণসংখ্যা সারণির একটি লেখচিত্র।

গণসংখ্যা আয়তলেখ আঁকার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করা হয় :

১। একটি গণসংখ্যা সারণির শ্রেণি ব্যাপ্তি x-অক্ষ বরাবর লেখা হয় এবং শ্রেণিব্যাপ্তি ভূমি ধরে আয়ত আঁকা হয়। সুবিধাজনক ক্ষেত্রে শ্রেণিব্যাপ্তি নেওয়া হয়।

২। সুবিধাজনক ক্ষেত্রে y-অক্ষ বরাবর গণসংখ্যার মান নেওয়া হয় এবং গণসংখ্যা হয় আয়তের উচ্চতা। উভয় অক্ষের জন্য একই বা পৃথক সুবিধাজনক স্কেল নেওয়া যায়।

(খ) এখানে ক্ষুদ্রতম সংখ্যা ৪০ এবং বৃহত্তম সংখ্যা ৫৬

$$\text{পরিসর} = (৫৬ - ৪০) + ১ = ১৭$$

$$\text{শ্রেণিসংখ্যা} = \frac{১৭}{৫} = ৩.৪০$$

∴ শ্রেণিসংখ্যা হবে ৪।

৪০ থেকে শুরু করে ৫ শ্রেণিব্যাপ্তি নিয়ে সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	ট্যালি	ঘটন সংখ্যা
৪০-৪৪		১৫
৪৫-৪৯		৭
৫০-৫৪		৬
৫৫-৫৮		২
		মোট = ৩০

প্রশ্ন ১৮ ৥ কোনো এলাকার ৩৫টি পরিবারের লোকসংখ্যা নিচে দেওয়া হলো :

৬, ৩, ৪, ৭, ১০, ৮, ৫, ৬, ৪, ৩, ২, ৬, ৮, ৯, ৫, ৪, ৩, ৭, ৬, ৫, ৩, ৪, ৮, ৫, ৯, ৩, ৫, ৭, ৬, ৯, ৫, ৮, ৪, ৬, ১০।

শ্রেণিব্যাপ্তি ২ নিয়ে গণসংখ্যা গঠন কর।

সমাধান : ক্ষুদ্রতম সংখ্যা ২ এবং বৃহত্তম সংখ্যা ১০

$$\therefore \text{পরিসর} = (১০ - ২) + ১ = ৯$$

$$\text{শ্রেণিব্যাপ্তি} = ২$$

$$\text{শ্রেণিসংখ্যা} = \frac{৯}{২} = ৪.৫$$

∴ শ্রেণিসংখ্যা হবে ৫।

২ থেকে শুরু করে শ্রেণিব্যাপ্তি ২ ধরে গণসংখ্যা সারণি তৈরি করা হলো :

শ্রেণিব্যাপ্তি	ট্যালি	ঘটন সংখ্যা
২-৩		৬
৪-৫		১১
৬-৭		৯
৮-৯		৭
১০-১১		২
		মোট = ৩৫

প্রশ্ন ১৯ ৥ ৩০ জন শ্রমিকের ঘণ্টা প্রতি মজুরি (টাকায়) নিচে দেওয়া হলো :

২০, ২২, ৩০, ২৫, ২৮, ৩০, ৩৫, ৪০, ২৫, ২০, ২৮, ৪০, ৪৫, ৫০, ৪০, ৩৫, ৪০, ৩৫, ২৫, ৩৫, ৩৫, ৪০, ২৫, ২০, ৩০, ৩৫, ৫০, ৪০, ৪৫, ৫০।

শ্রেণি ব্যবধান ৫ নিয়ে গণসংখ্যা সারণি গঠন কর।

সমাধান : এখানে, ক্ষুদ্রতম সংখ্যা ২০ এবং বৃহত্তম সংখ্যা ৫০

$$\text{পরিসর} = (৫০ - ২০) + ১ = ৩১$$

$$\text{শ্রেণি ব্যবধান} = ৫$$

$$\text{শ্রেণিসংখ্যা} = \frac{৩১}{৫} = ৬.২$$

∴ শ্রেণিসংখ্যা হবে ৭।


∴ ২০ থেকে শুরু করে শ্রেণি ব্যবধান ৫ ধরে গণসংখ্যা সারণি তৈরি করা হলো :

শ্রেণি ব্যবধান	ট্যালি	ঘটন সংখ্যা
২০-২৪		৪
২৫-২৯		৬
৩০-৩৪		৩
৩৫-৩৯		৬
৪০-৪৪		৬
৪৫-৪৯		২
৫০-৫৪		৩
		মোট = ৩০

প্রশ্ন ১০ ৥ নিচের গণসংখ্যা সারণি হতে আয়তলেখ আঁক এবং প্রচুরক (আসন্ন) নির্ণয় কর :

শ্রেণিব্যাপ্তি	১১-২০	২১-৩০	৩১-৪০	৪১-৫০	৫১-৬০	৬১-৭০	৭১-৮০	৮১-৯০	৯১-১০০
গণসংখ্যা	১০	২০	৩৫	২০	১৫	১০	৮	৫	৩

সমাধান : ছক কাগজে X-অক্ষ বরাবর শ্রেণিব্যাপ্তি এবং Y-অক্ষ বরাবর গণসংখ্যা ধরে আয়তলেখটি আঁকা হয়েছে। এখানে X অক্ষ বরাবর ক্ষুদ্র বর্গের দুই বাহুর দৈর্ঘ্যকে একক এবং Y অক্ষ বরাবর ক্ষুদ্র বর্গের বাহুর দৈর্ঘ্যকে একক ধরা হয়েছে।



এখানে চিত্রায়িত আয়তলেখ থেকে দেখা যায়, বেশি সংখ্যক সংখ্যা ৩০ ও ৪০ এর মধ্যে। সুতরাং প্রচুরক এই শ্রেণিতে বিদ্যমান। প্রচুরক নির্ধারণ করার জন্য ঐ আয়তটির উপরিভাগে কৌণিক বিন্দুদ্বয় থেকে দুইটি আড়াআড়ি রেখাংশ আগের ও পরের আয়তের উপরিভাগের কৌণিক বিন্দুর সাথে সংযোগ করা হয়। ছেদবিন্দু থেকে X অক্ষের উপর যে লম্ব টানা হয়েছে এর ব্যাপ্তি ৩০ ও ৪০ এর মধ্যবিন্দু। তাই সংখ্যাগুলোর প্রচুরক হলো ৩৫।


প্রশ্ন ১১ ৥ আন্তর্জাতিক মানের T-20 ক্রিকেট খেলায় কোনো দলের সংগৃহীত রান এবং উইকেট পতনের পরিসংখ্যান নিচের সারণিতে দেওয়া হলো। আয়তলেখ আঁক।

ওভার	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
রান	৬	৮	১০	৮	১২	৮	৬	১২	৭	১৫	১০	১২
উইকেট পতন	০	০	০	০	০	১	০	০	০	০	১	০

১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
১৪	১০	৮	১২	৮	১৪	৮	৬
০	১	১	১	২	০	০	০


ইঙ্গিত : X-অক্ষ বরাবর ওভার এবং Y-অক্ষ বরাবর রান ধরে আয়তলেখ আঁক। যে ওভারে উইকেট পতন হয় সেই ওভারে সংগৃহীত রানের উপরে '●' চিহ্ন দিয়ে উইকেট পতন বোঝান যায়।

সমাধান :



শ্রেণিব্যাপ্তি	ট্যালি	গণসংখ্যা
১৪১-১৪৫		৩
১৪৬-১৫০		৩
১৫১-১৫৫		৩
১৫৬-১৬০		৫
১৬১-১৬৫		৬
১৬৬-১৭০		৪
১৭১-১৭৫		৪
১৭৬-১৮০		২
মোট = ৩০		

ছক কাগজে x -অক্ষ বরাবর শ্রেণিব্যাপ্তি এবং y -অক্ষ বরাবর গণসংখ্যা ধরে আয়তলেখটি আঁকা হয়েছে। এখানে (x -অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রত্যেক বাহুকে একক ধরে) অক্ষ বরাবর ক্ষুদ্র বর্গের ৫ বাহুর দৈর্ঘ্যকে একক ধরা হয়েছে। x অক্ষে ০ থেকে ১৪১ পর্যন্ত আছে বোঝাতে ভাঙা চিহ্ন দেওয়া হয়েছে।



এখানে চিত্রায়িত আয়তলেখ থেকে দেখা যায়, বেশি সংখ্যক শিক্ষার্থীর উচ্চতা ১৬১ থেকে ১৬৫ এর মধ্যে। সুতরাং প্রচুরক এই শ্রেণিতে বিদ্যমান। প্রচুরক নির্ধারণ করার জন্য ঐ আয়তটির উপরিভাগে কৌণিক বিন্দুদ্বয় থেকে দুইটি আড়াআড়ি রেখাংশ আগের ও পরের আয়তের উপরিভাগের কৌণিক বিন্দুর সাথে সংযোগ করা হয়। এদের ছেদ বিন্দু থেকে X -অক্ষের উপর যে লম্ব টানা হয়েছে। সেই লম্বটি ১৬২ বিন্দুতে মিলিত হয়। সুতরাং প্রচুরক ১৬২।

